# EUROPE MAP




All States can be colored and edited separately

## ইউরোপ মহাদেশের অঞ্চল ভিত্তিক ৪৮ টি স্বাধীন দেশ

| | | | | |
|---|---|---|---|---|
| উত্তর ইউরোপ | ৫ টি | ১. আইসল্যান্ড<br>২. সুইডেন | ৩. ডেনমার্ক<br>৪. ফিনল্যান্ড | ৫. নরওয়ে |
| দক্ষিণ ইউরোপ | ৭ টি | ১. ইতালি<br>২. ভ্যাটিকান সিটি<br>৩. স্যান ম্যারিনো | ৪. মাল্টা<br>৫. স্পেন | ৬. অ্যান্ডোরা<br>৭. পর্তুগাল |
| দক্ষিণ-পূর্ব ইউরোপ | ১১ টি | ১. আলবেনিয়া<br>২. বুলগেরিয়া<br>৩. রোমানিয়া<br>৪. গ্রিস | ৫. মন্টিনিগ্রো<br>৬. কসোভো<br>৭. উ. মেসিডোনিয়া<br>৮. ক্রোয়েশিয়া | ৯. বসনিয়া ও হার্জেগোভিনা<br>১০. সার্বিয়া<br>১১. শ্লোভেনিয়া |
| মধ্য ইউরোপ | ৮ টি | ১. জার্মানি<br>২. অস্ট্রিয়া<br>৩. হাঙ্গেরি | ৪. পোল্যান্ড<br>৫. সুইজারল্যান্ড<br>৬. শ্লোভাকিয়া | ৭. লিচটেনস্টেইন<br>৮. চেক প্রজাতন্ত্র |
| পূর্ব ইউরোপ | ৭ টি | ১. রাশিয়া<br>২. ইউক্রেন<br>৩. বেলারুশ | ৪. মলদোভা<br>৫. এস্তোনিয়া | ৬. লাটভিয়া<br>৭. লিথুয়ানিয়া |
| পশ্চিম ইউরোপ | ৭ টি | ১. ফ্রান্স<br>২. বেলজিয়াম<br>৩. নেদারল্যান্ডস | ৪. লুক্সেমবার্গ<br>৫. মোনাকো | ৬. যুক্তরাজ্য<br>৭. আয়ারল্যান্ড |
| ট্রান্স ককেশিয়ান | ৩ টি | ১. আর্মেনিয়া | ২. আজারবাইজান | ৩. জর্জিয়া |

**নোট: মেসিডোনিয়ার নাম পরিবর্তন করে রাখা হয়েছে উত্তর মেসিডোনিয়া**

## তথ্য তরঙ্গে ইউরোপ

- ইউরোপ মহাদেশ যে গোলার্ধে অবস্থিত– উত্তর গোলার্ধে।
- প্রাকৃতিক গঠন অনুসারে ইউরোপ মহাদেশকে ভাগ করা হয়েছে– চার ভাগে।
- জনসংখ্যার দিক থেকে ইউরোপ মহাদেশ– দ্বিতীয়তম।
- আয়তনের দিক থেকে ইউরোপ এশিয়া মহাদেশের– পাঁচ ভাগের এক ভাগের সমান।
- ইউরোপের দীর্ঘতম নদী– ভলগা।
- ইউরোপের বিখ্যাত আগ্নেয়গিরি– ভিসুভিয়াস (ইতালি) ও ইটনা (ইতালি)।
- আয়তনে ইউরোপের বৃহত্তম দেশ– রাশিয়া।
- লোকসংখ্যায় ইউরোপের বৃহত্তম দেশ– রাশিয়া।
- আয়তনে ইউরোপের ক্ষুদ্রতম দেশ– ভ্যাটিকান সিটি।
- লোকসংখ্যায় ইউরোপের ক্ষুদ্রতম দেশ– ভ্যাটিকান সিটি; লোকসংখ্যা ৯২০ জন।
- ইউরোপের উচ্চতম পর্বতশ্রেণী– আল্পস।
- ইউরোপের দ্বার বলা হয় যে শহরকে– ভিয়েনাকে।
- ইউরোপের ককপিট বলা হয় যে দেশকে– বেলজিয়ামকে।
- ইউরোপের প্রধান বস্ত্র শিল্পের দেশ– যুক্তরাজ্য।
- আল্পসের সর্বোচ্চ শৃঙ্গ– মাউন্ট এলব্রুস।
- ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলে অবস্থিত দেশ– স্পেন।

## বিগত বছরের প্রশ্ন

১. আয়তনে ইউরোপ মহাদেশের ক্ষুদ্রতম দেশ কোনটি? (34 BCS)
ক) নরওয়ে
খ) সুইডেন
গ) ভ্যাটিকান সিটি
ঘ) স্যানম্যারিনো

২. পৃথিবীর বৃহত্তম ট্যানেল কোন মহাদেশে অবস্থিত? (প্রা বি প্র শিক্ষক- ০৩)
ক) আফ্রিকা মহাদেশ
খ) ওশেনিয়া মহাদেশ
গ) এশিয়া মহাদেশ
ঘ) ইউরোপ মহাদেশ

৩. পিরেনিজ পর্বত কোন কোন দেশের সীমান্তে অবস্থিত? (বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক ০৮)
ক) আর্জেন্টিনা-ব্রাজিল
খ) ইতালি-ভ্যাটিকান সিটি
গ) চীন-জাপান
ঘ) ফ্রান্স-স্পেন

৪. আগুনের দেশ নামে পরিচিত দেশ- (ইবি ০৬)
ক) নরওয়ে
খ) আইসল্যান্ড
গ) ইতালি
ঘ) ফিনল্যান্ড

৫. কসোভো যেখানে অবস্থিত- (জবি ঘ' ০৭-০৮)
ক) দক্ষিণ ইউরোপ
খ) পূর্ব ইউরোপ
গ) দক্ষিণ-পূর্ব ইউরোপ
ঘ) দক্ষিণ-পশ্চিম ইউরোপ

**উত্তরমালা**


| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. গ | ২. ঘ | ৩. ঘ | ৪. খ | ৫. ক | | | | |

# যুক্তরাজ্য
# United Kingdom (UK)

যুক্তরাজ্য ইউরোপীয় মূল ভূখণ্ডের উত্তর-পশ্চিম উপকূলের সন্নিকটে অবস্থিত একটি স্বাধীন দ্বীপরাষ্ট্র। যুক্তরাজ্যের সরকারি নাম 'ইউনাইডেট কিংডম অফ গ্রেট ব্রিটেন অ্যান্ড নর্দার্ন আয়ারল্যান্ড'। এই রাষ্ট্রটি চারটি সাংবিধানিক রাষ্ট্র- ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ড-এর সমন্বয়ে গঠিত। সময়ের ব্যবধানে দেশটির সংবিধানের কিছু অংশ লিখিত হলেও অধিকাংশই প্রচলিত রীতি ও প্রথা নির্ভর। ব্রিটেন একটি নিয়মতান্ত্রিক রাজতান্ত্রিক দেশ হলেও প্রকৃত বিচারে সংসদীয় গণতান্ত্রিক রাষ্ট্র। ব্রিটেনে আইন দ্বারা দাসপ্রথা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয় ১৮৩৩ সালে।

## যুক্তরাজ্যের সাংবিধানিক রাষ্ট্র- ৪টি

- ইংল্যান্ড
- ওয়েলস
- স্কটল্যান্ড
- উত্তর আয়ারল্যান্ড




- **গ্রেট ব্রিটেন (Great Britain):** গ্রেট ব্রিটেন কোনো দেশ নয়। এটি ব্রিটিশ দ্বীপপুঞ্জের একটি সর্ববৃহৎ দ্বীপ। যুক্তরাজ্যের উত্তর আয়ারল্যান্ড বাদে বাকি তিন দেশের অখণ্ড অংশ নিয়ে 'গ্রেট ব্রিটেন' গঠিত।
- **যুক্তরাজ্য (United Kingdom):** যুক্তরাজ্য একটি সার্বভৌম ভূখণ্ড, যার মধ্যে ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ড অন্তর্ভুক্ত। চারটি দেশ মিলে একটি সার্বভৌম দেশ। যুক্তরাজ্যের রাজধানী লন্ডন (টেমস্ নদীর তীরে অবস্থিত)।


| সংক্ষেপে। | |
|---|---|
| গ্রেট ব্রিটেন | ইংল্যান্ড + স্কটল্যান্ড + ওয়েলস। |
| যুক্তরাজ্য | ইংল্যান্ড + স্কটল্যান্ড + ওয়েলস + উত্তর আয়ারল্যান্ড। |

## যেভাবে যুক্তরাজ্য গঠিত হলো

| | |
|---|---|
| ১৫৩৬ সাল | 'ইংল্যান্ড' ও 'ওয়েলস' একত্রিত হয়। |
| ১৭০৭ সাল | 'ইংল্যান্ড' ও 'ওয়েলস'-এর সাথে 'স্কটল্যান্ড' যুক্ত হয়ে গঠন করে 'গ্রেট ব্রিটেন'। গ্রেট ব্রিটেন কোন দেশ নয় বরং বিশাল আয়তনের একটি দ্বীপ। এই দ্বীপের তিনটি দেশ হলো- ইংল্যান্ড, ওয়েলস ও স্কটল্যান্ড। |
| ১৮০১ সাল | 'গ্রেট ব্রিটেনে'র সাথে 'আয়ারল্যান্ড' যুক্ত হয়। |
| ১৯২২ সাল | 'আয়ারল্যান্ড' দেশটি ভাগ হলে 'গ্রেট ব্রিটেনের' সাথে 'উত্তর আয়ারল্যান্ড' থেকে যায় এবং সবশেষে নাম দাঁড়ায় 'ইউনাইটেড কিংডম অব গ্রেট ব্রিটেন অ্যান্ড নর্দার্ন আয়ারল্যান্ড' বা 'যুক্তরাজ্য'। |

## ব্রিটিশ আইনসভা

- ব্রিটিশ আইনসভার নাম- পার্লামেন্ট।
- প্রতিষ্ঠিত হয়- ১৭০৭ সালে।
- আইনসভার ধরণ- দ্বি-কক্ষ বিশিষ্ট।
- নিম্নকক্ষের নাম- হাউস অব কমন্স।
- উচ্চকক্ষের নাম- হাউস অব লর্ডস।
- হাউস অব কমন্সের সদস্য সংখ্যা- ৬৫০ জন।
- হাউস অব লর্ডসের সদস্য সংখ্যা- ৭৮০ জন।



ওয়েস্ট মিনিস্টার প্যালেস

- হাউস অব লর্ডসের অপর নাম- House of Peers.
- ব্রিটিশ আইনসভার প্রথম নারী স্পীকার নির্বাচিত হন- বেস্টি বুথর রেড।
- **British Parliament**-এর অধিবেশন আহ্বান করেন- রাজা/রাণী।
- ব্রিটিশ আইনসভা ভবনের নাম- ওয়েস্ট মিনিস্টার প্যালেস।
- ওয়েস্ট মিনিস্টার প্যালেস অবস্থিত- লন্ডনের টেমস নদীর তীরে।
- বর্তমানে সবচেয়ে প্রাচীনতম সংসদীয় গণতন্ত্র পদ্ধতি চালু রয়েছে- ব্রিটেন।
- গৌরবময় বিপ্লবের মাধ্যমে ব্রিটেনে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়- ১৬৮৮ সালে।
- ব্রিটেনের শাসনতান্ত্রিক রীতিনীতির প্রবচন গুলো-
  - The king is dead, long live the king.
  - The king never dies.
  - The king can do no wrong.
  - The king reigns but does not rule.

## ব্রিটিশ সংবিধান

- ব্রিটিশ সংবিধান- অলিখিত।
- সরকার ব্যবস্থা- শাসনতান্ত্রিক রাজতন্ত্র।
- সরকার ব্যবস্থার কাঠামো- এক কেন্দ্রীক সরকার।
- সংসদীয় শাসন ব্যবস্থার পীঠস্থান বলা হয়- গ্রেট ব্রিটেনকে।
- সংবিধানের ভিত্তি হিসেবে কাজ করে- ম্যাগনাকার্টা, পিটিশন অব রাইটস, বিল অব রাইটস ইত্যাদি।

### ম্যাগনাকার্টা

- ম্যাগনাকার্টা হলো- ব্রিটিশ সংবিধানের অলিখিত অংশ।
- স্বাক্ষরিত হয়- ১৫ জুন, ১২১৫।
- স্বাক্ষর করেন- ইংল্যান্ডের রাজা জন।
- ল্যাটিন শব্দ 'ম্যাগনাকার্টা'র অর্থ- মহা সনদ (Great Charter)।
- ইংল্যান্ডের প্রথম শাসনতন্ত্র বলা হয়- ম্যাগনাকার্টাকে।
- ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল বলা হয়- ম্যাগনাকার্টাকে।
- যুক্তরাজ্যের প্রথম সাংবিধানিক দলিল- ম্যাগনাকার্টা।

### পিটিশন অব রাইটস


- ১৬২৮ সালে সালে ব্রিটিশ পার্লামেন্টে পাস হয়।

### ইংলিশ বিল অব রাইটস

- ১৬৮৯ সালে ব্রিটিশ পার্লামেন্টে পাস হয়।

**মনে রাখতে হবে**

**Bill of Rights বিষয়টির সাথে জড়িত ২টি দেশ**




বৃটেনের নাগরিকদের জন্য মানবাধিকার সম্পর্কিত আইনগুলোকে একসাথে বলা হয় বিল অব রাইটস। ১৬৮৮ সালে ইংল্যান্ডের গৌরবময় বিপ্লবের ফলাফল হিসেবে ১৬৮৯ সালে ইংল্যান্ডে বিল অব রাইটস প্রতিষ্ঠিত হয়




আমেরিকার সংবিধানের নাগরিক অধিকার সম্পর্কিত প্রথম ১০টি সংশোধনীকে বলা হয় "বিল অব রাইটস"

## ব্রিটেনের রাজতন্ত্র

- ইংল্যান্ডের প্রথম রাজা ছিলেন- আলফ্রেড দ্য গ্রেট।
- 'আইনের শাসক' বলা হয়- আলফ্রেড দ্য গ্রেটকে।
- ব্রিটেনে সামন্ততন্ত্রের পতন ঘটলে যে রাজ বংশের আবির্ভাব ঘটে- টিউডর বংশ।
- War of the Roses এর মাধ্যমে সিংহাসনে আরোহণ করেন- সপ্তম হেনরি টিউডর।
- রাণী প্রথম এলিজাবেথ যে বংশের- টিউডর।
- ব্রিটেনের টিউডর বংশের প্রতিষ্ঠাতা- রাজা হেনরী টিউডর।
- ইংল্যান্ডের যে রানিকে চিরকুমারী 'ভার্জিন কুইন' বলা হয়- প্রথম এলিজাবেথকে।
- রানি দ্বিতীয় এলিজাবেথ- উইন্ডসর রাজবংশের।
- ব্রিটেনের কনিষ্ঠতম রাজা ছিলেন- ৬ষ্ঠ হেনরী।
- গ্রেট ব্রিটেনের প্রথম হ্যানোভারিয়ান রাজা- রাজা প্রথম জর্জ।
- রাজা প্রথম জর্জের জন্মস্থান ছিল- জার্মানির হ্যানোভারে।
- যুক্তরাষ্ট্র স্বাধীনতা লাভ করে- রাজা তৃতীয় জর্জের শাসনামলে।
- রাজা তৃতীয় জর্জ হ্যানোভার সিংহাসনে আরোহণ করেন- ১৮১৪ সালে।
- ব্রিটেনের সর্বোচ্চ সামরিক খেতাব- ভিক্টোরিয়া ক্রস; কমনওয়েলথভুক্ত দেশসমূহের মধ্যে খেতাবটি প্রদান করা হয়।
- ব্রিটেনের যে রাজা একজন সাধারণ মহিলাকে বিবাহ করার জন্য রাজ সিংহাসন হারান- রাজা অষ্টম এডওয়ার্ড।
- রাজা অষ্টম এডওয়ার্ড সিংহাসন ত্যাগ করেন- ১৯৩৬ সালে।
- প্রিন্সেস ডায়না ছিলেন- বর্তমান রাজা তৃতীয় চার্লসের প্রথম স্ত্রী।
- প্রিন্সেস ডায়না মৃত্যুবরণ করেন- ৩১ আগস্ট, ১৯৯৭ সালে (ফ্রান্সের পন্ট ডি আলমা টানেলে সড়ক দুর্ঘটনায়)।

### রানি দ্বিতীয় এলিজাবেথ



- জন্ম- ১৯২৬ সালে; মৃত্যু- ২০২২ সালে।
- সিংহাসনে আরোহণ করেন- ১৯৫২ সালে।
- সিংহাসনে বসেন- পিতা রাজা ষষ্ঠ জর্জের মৃত্যুর পর।
- ক্ষমতার সময়কাল- ১৯৫২-২০২২ (৭০ বছর)।
- তিনি কমনওয়েলথের প্রধান ছিলেন।
- ব্রিটিশ সিংহাসনে অধিষ্ঠিত দীর্ঘতম সময়ের রাজা/রানি।
- প্রিন্সেস ডায়না ছিলেন- তাঁর জ্যেষ্ঠ সন্তান বর্তমান রাজা তৃতীয় চার্লসের প্রথম স্ত্রী।

## যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী

| | |
|---|---|
| <br>রবার্ট ওয়ালপোল | ◆ ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন।<br>◆ ক্ষমতার সময়কাল- ১৭২১-১৭৪২ সাল পর্যন্ত। |
| <br>উইলিয়াম ই গ্লাডস্টোন | ◆ ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন।<br>◆ ক্ষমতার ছিলেন- ৪ মেয়াদে; ১৮৬৮-৯৪ সাল পর্যন্ত।<br>◆ Grand Old Man of Britain নামে খ্যাত।<br>◆ বিখ্যাত উক্তি- Justice Delayed is Justice Denied. |
| <br>উইনস্টন চার্চিল | ◆ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন।<br>◆ **নোবেল পুরস্কার লাভ করেন- ১৯৫৩ সালে।**<br>◆ রাজনীতিবিদ হয়েও সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।<br>◆ **যে গ্রন্থের জন্য নোবেল পুরস্কার লাভ করেন-** The Second World War.<br>◆ **লৌহপর্দা (Iron Curtain)** শব্দগুচ্ছ ব্যবহার করেন। |
| <br>মার্গারেট থ্যাচার | ◆ ব্রিটেনের প্রথম নারী প্রধানমন্ত্রী।<br>◆ **ক্ষমতায় ছিলেন- ১১ বছর; ১৯৭৯-১৯৯০ সাল পর্যন্ত।**<br>◆ **রাজনৈতিক দল-** কানজারভেটিভ পার্টি (রক্ষণশীল দল)।<br>◆ প্রথম জীবনে রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন।<br>◆ ফকল্যান্ড যুদ্ধকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ছিলেন।<br>◆ ফকল্যান্ড যুদ্ধে জয় লাভের জন্য তাঁকে **'লৌহ মানবী'** (Iron Lady) বলা হয়।<br>◆ **মৃত্যুবরণ করেন-** ২০১৩ সালে। |

**যুক্তরাজ্যের নারী প্রধানমন্ত্রী**


- প্রথম নারী প্রধানমন্ত্রী- মার্গারেট থ্যাচার।
- দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী- থেরেসা মে।
- তৃতীয় নারী প্রধানমন্ত্রী- লিজ ট্রাস।

## ভিন্ন তথ্যে ব্রিটিশ প্রধানমন্ত্রী

- প্রথম বিশ্বযুদ্ধের সময় ব্রিটনের প্রধানমন্ত্রী ছিলেন- হেনরী আসকুইথ এবং লয়েড জর্জ।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন- উইন্সটন চার্চিল।
- দীর্ঘকাল ক্ষমতাসীন প্রধানমন্ত্রী- রবার্ট ওয়ালপোল (১৭২১-১৭৪২)।
- একমাত্র ৪ মেয়াদে নির্বাচিত প্রধানমন্ত্রী- উইলিয়াম গ্লাডস্টোন (১৮৬৮-১৮৯৪)।
- কম বয়সে প্রধানমন্ত্রী ছিলেন- উইলিয়াম পিট (২৪ বছর বয়সে)।
- ব্রিটেনের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী ছিলেন- তেরেসা মে।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ছিলেন- এডওয়ার্ড হিথ।
- সংবিধান অনুযায়ী ব্রিটেনের কেবিনেটের নেতা- প্রধানমন্ত্রী।

### সতর্কতা!


বাজারে প্রচলিত অনেক বইয়ে দেয়া আছে উইন্সটন চার্চিল নোবেল পুরস্কার লাভ করেন **The History of the Second World War** গ্রন্থের জন্য; তথ্যটি ভুল। প্রকৃতপক্ষে উইন্সটন চার্চিল ৬ খণ্ডের **The Second World War** গ্রন্থের জন্য ১৯৫৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন।




### ডাউনিং স্ট্রিট

ডাউনিং স্ট্রিট লন্ডন শহরের কেন্দ্রস্থলে অবস্থিত একটি বিখ্যাত সড়ক। ১৬৮০ সালে স্যার জর্জ ডাউনিং সড়কটি নির্মাণ করেন।

- ৯নং ডাউনিং স্ট্রিট- ব্রিটিশ আইনসভার চীফ হুইপের কার্যালয়।
- ১০নং ডাউনিং স্ট্রিট- ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন ও কার্যালয়।
- ১১নং ডাউনিং স্ট্রিট- ব্রিটিশ অর্থমন্ত্রীর কার্যালয়।
- ১২নং ডাউনিং স্ট্রিট- ব্রিটিশ প্রধানমন্ত্রীর প্রেস অফিস।



**১০নং ডাউনিং স্ট্রিট**
ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাসভবন ও কার্যালয়



**১১নং ডাউনিং স্ট্রিট**
ব্রিটিশ অর্থমন্ত্রীর কার্যালয়

| বাকিংহাম প্যালেস | ◆ ব্রিটিশ সরকারের প্রশাসনিক ভবন। |
|---|---|
| ◆ ব্রিটিশ রাজপরিবারের বাসভবন।<br><br>লন্ডনের ওয়েস্ট মিনিস্টার সিটিতে অবস্থিত | <br>ইংল্যান্ডের লন্ডনে অবস্থিত |

## বিবিধ প্রসঙ্গ

- 'ইউনিয়ন জ্যাক' বলা হয়- যুক্তরাজ্যের পতাকাকে।
- ব্রিটিশ নারীরা ভোটাধিকার লাভ করে- ১৯১৮ সালে; 'দ্য রিপ্রেজেনটেশন অব পিপলস অ্যাক্ট' আইন পাসের মাধ্যমে।
- জাতিসংঘে আন্তর্জাতিক আদালতের প্রথম মহিলা বিচারক- রোজালিন হিগিন্স (বৃটেন)
- ওয়াটার লু যুদ্ধে জয়ী ব্রিটিশ সেনাপতির নাম- ডিউক অব ওয়েলিংটন।
- ভারতে মোঘল শাসনের সময় বৃটেনে রাজত্ব করত- টিউডর এবং স্টুয়ার্ট বংশ।
- ব্রিটিশ সরকারের কার্যালয়- হোয়াইট হল।
- বিশ্বের প্রথম পূর্ণাঙ্গ ওপেন বিশ্ববিদ্যালয় চালু হয়- ইংল্যান্ডে, ১৯৬৯ সালে।
- 'পল মল' হলো- লন্ডনের ওয়েস্ট মিনিস্টার সিটির একটি বিখ্যাত সড়ক।
- জ্যাকব এপস্টাইন হলেন- একজন বিখ্যাত ব্রিটিশ ভাস্কর।
- টেড হিউস ছিলেন- ব্রিটিশ কবি।
- ইন্ডিয়া হাউস অবস্থিত- লন্ডনে।
- ওভাল ক্রিকেট স্টেডিয়াম অবস্থিত- যুক্তরাজ্যে।
- 'ট্রাফালগার স্কয়ার' অবস্থিত- লন্ডন, ইংল্যান্ড।
- 'উইন্ডসর ক্যাসল' হলো- ব্রিটিশ রাণীর বাসভবন।

ব্রিটেনের অর্থমন্ত্রীর উপাধি Chancellor of the Excheqer.

- গ্রিনিচ মান মন্দির অবস্থিত- লন্ডন, ইংল্যান্ড (মূল মধ্যরেখা এ স্থানের উপর দিয়ে গেছে)।
- 'ওয়েস্ট মিনিস্টার অ্যাবে' হলো- রাণী প্রথম এলিজাবেথ নির্মিত একটি বিখ্যাত চার্চ।
- 'বুশ হাউস' হলো- লন্ডনের ওয়েস্ট মিনিস্টারে অবস্থিত বিবিসি'র প্রাক্তন কার্যালয়।
- 'বিবিসি'র বর্তমান কার্যালয় হলো- ব্রডকাস্টিং হাউস, ওয়েস্ট মিনিস্টার, লন্ডন।
- 'বিগ বেন'- ব্রিটিশ পার্লামেন্টের উত্তর পাশে অবস্থিত ক্লক টাওয়ারের বিশাল ঘণ্টার নাম।
- 'ইন্ডিয়া হাউস' অবস্থিত- লন্ডনে।
- বস্ত্র শিল্পের জন্য বিখ্যাত- ম্যানচেস্টার।
- ব্রিটেনের পররাষ্ট্রমন্ত্রীর উপাধি- Secretary for foreign and Commonwealth affairs.

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. নিচের কোন দেশের সংবিধান অলিখিত? (DU খ ১৬-১৭)
ক) যুক্তরাষ্ট্র খ) জার্মানি গ) ভারত ঘ) যুক্তরাজ্য

২. শিল্প বিপ্লব সংঘটিত হয়- (DU খ ০৬-০৭)
ক) সতের শতকে খ) আঠার শতকে গ) উনিশ শতকে ঘ) বিশ শতকে

৩. যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর সরকারি পদবি- (DU ঘ ০৬-০৭, ১০-১১)
ক) চ্যান্সেলর অব এক্সচেকার খ) লর্ড প্রিভি সিল
গ) সেক্রেটারি অব ট্রেজারি ঘ) চীফ অব ফিন্যান্স

৪. ব্রিটিশ রাজপরিবারের বাসভবনের নাম- (DU খ ০৩-০৪)
ক) ভিক্টোরিয়া প্যালেস খ) বাকিংহাম প্যালেস
গ) এলিজাবেথ প্যালেস ঘ) এডওয়ার্ড প্যালেস

৫. 'ম্যাগনাকার্টা-১২১৫' কোন দেশে গৃহীত হয়? (DU ঙ ০৩-০৪)
ক) যুক্তরাষ্ট্র খ) ইংল্যান্ড গ) ফ্রান্স ঘ) চীন

৬. ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন কোনটি? (DU খ ০০-০১)
ক) হোয়াইট হাউস খ) হোয়াইট হল
গ) ১০ নং ডাইনিং স্ট্রিট ঘ) বাকিংহাম প্যালেস

৭. ইউরোপে শিল্প বিপ্লব সংঘটিত হয় কোন শতাব্দীতে? (DU খ ০৬-০৭/ চবি-ঘ' ০২-০৩)
ক) বিংশ খ) উনবিংশ গ) অষ্টাদশ ঘ) সপ্তদশ

৮. 'ইন্ডিয়া হাউস' কোথায় অবস্থিত? (রাবি-হিসাববিজ্ঞান, ০৭-০৮/DU খ ০২-০৩)
ক) দিল্লি খ) লন্ডন গ) নিউইয়র্ক ঘ) সিমলা

৯. লন্ডনের ১১নং ডাউনিং স্ট্রিটে কে বাস করেন? (DU ঘ' ১৩-১৪)
ক) ব্রিটিশ প্রধানমন্ত্রী খ) ব্রিটিশ বিরোধী দলীয় নেতা
গ) ব্রিটিশ চ্যান্সেলর অব দ্য এক্সচেকার ঘ) ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী

১০. কোন দেশের সংবিধান অলিখিত? (DU ঘ ০৪-০৫)
ক) যুক্তরাজ্য খ) চীন গ) যুক্তরাষ্ট্র ঘ) জাপান

### বি সি এস

১১. Trafalgar Square-এর অবস্থান- (43 BCS)
ক) রাশিয়ায় খ) ইংল্যান্ডে গ) ফ্রান্সে ঘ) চীনে

১২. যুক্তরাজ্যের রাণী কোন দেশটির সাংবিধানিক রাষ্ট্র প্রধান নন? (26 BCS)
ক) ফিজি খ) কানাডা গ) অস্ট্রিয়া ঘ) অস্ট্রেলিয়া

### মেডিকেল ভর্তি পরীক্ষা

১৩. কোন দেশের ডাক টিকিটে সে দেশের নাম লেখা থাকে না? (MC 07-08)
ক) দক্ষিণ কোরিয়া খ) যুক্তরাজ্য গ) যুক্তরাষ্ট্র ঘ) অস্ট্রিয়া

উত্তরমালা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ঘ | ২. খ | ৩. ক | ৪. খ | ৫. খ | ৬. গ | ৭. গ | ৮. খ |
| ৯. গ | ১০. ক | ১১. খ | ১২. গ | ১৩. খ | | | |

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

১৪. কোন দেশের সংবিধানে লেখা আছে **The king can do no wrong-** (DC 07-08)
ক) যুক্তরাজ্য খ) সুইডেন গ) বেলজিয়াম ঘ) স্পেন

১৫. **যুক্তরাজ্যের প্রথম সাংবিধানিক দলিল কোনটি?** (সহকারী জর্জ-১১)
ক) বিল অফ রাইটস খ) অ্যাক্ট অফ সেটেলমেন্ট
গ) ম্যাগানাকার্টা ঘ) জুডিকেচার এ্যাক্ট

১৬. **ব্রিটেনের রাজা যিনি একজন সাধারণ মহিলাকে বিবাহ করার জন্য রাজসিংহাসন হারান-** (দুদক-০৩)
ক) পঞ্চম এডওয়ার্ড খ) ষষ্ঠ এডওয়ার্ড গ) সপ্তম এডওয়ার্ড ঘ) অষ্টম এডওয়ার্ড

১৭. **ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী মার্গারেট থেচার ক্ষমতায় ছিলেন কত বছর?** (স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সহকারী-১০)
ক) ৯ বছর খ) ১০ বছর গ) ১১ বছর ঘ) ১২ বছর

১৮. **প্রিন্সেস ডায়না কোন সুড়ঙ্গপথে দুর্ঘটনায় নিহত হন?** (দুদক-০৪)
ক) ইউরো টানেল খ) আর্ল ব্লার্গ
গ) রক্সো ঘ) আলমা ডি টানেল

১৯. **ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রীর নাম কী?** (রাবি, ০৫-০৬)
ক) রবার্ট ওয়ালপোল খ) চার্চিল
গ) জন এডামস ঘ) জন ওয়ালপোল

২০. **কোন দেশের পতাকাকে 'ইউনিয়ন জ্যাক' বলা হয়?** (রাবি-রাষ্ট্রবিজ্ঞান, ০৭-০৮/জবি-ঘ, ০৬-০৭)
ক) ফ্রান্স খ) ইতালি গ) বৃটেন ঘ) কানাডা

২১. **Chancellor of Ex-chequer-** (রাবি-রাষ্ট্রবিজ্ঞান, ০৫-০৬)
ক) ইউএসএ এর অর্থমন্ত্রীকে খ) বৃটেনের অর্থমন্ত্রীকে
গ) রাশিয়ার অর্থমন্ত্রীকে ঘ) ভারতের অর্থমন্ত্রীকে

২২. **The name Margaret Thatcher relates to-** (Bangladesh Commerce Bank Officer-06)
ক) Information Technology খ) Politics
গ) Book ঘ) Space technology

২৩. **শিল্প বিপ্লব যে দেশে শুরু হয়েছিল-** (রাবি-ইতিহাস, ০৭-০৮/দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক, ০৪)
ক) মার্কিন যুক্তরাষ্ট্র খ) ফ্রান্স গ) জার্মানি ঘ) ইংল্যান্ড

২৪. **ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে উপমহাদেশের কোন শিল্পের ধ্বংস হয়?** (মা: বি: সহকারী শিক্ষক, ০১)
ক) বস্ত্র শিল্প খ) কুটির শিল্প গ) কাগজ শিল্প ঘ) পাট শিল্প

২৫. **ব্রিটিশ সিংহাসনে অধিষ্ঠিত দীর্ঘতম সময়ের রাজা/রানির নাম-** (ববি ঘ' ১৫-১৬)
ক) রানি ভিক্টোরিয়া খ) রানি দ্বিতীয় এলিজাবেথ
গ) রাজা পঞ্চম জর্জ ঘ) রাজা দ্বিতীয় এডওয়ার্ড

২৬. **'Workshop of the World' বলা হতো-** (জাহাবি C3' 15-16 )
ক) ব্রিটেনকে খ) ফ্রান্সকে গ) জার্মানিকে ঘ) রাশিয়াকে

### উত্তরমালা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪. ক | ১৫. গ | ১৬. ঘ | ১৭. গ | ১৮. ঘ | ১৯. ক | ২০. গ | ২১. খ |
| ২২. খ | ২৩. ঘ | ২৪. খ | ২৫. খ | ২৬. ক | | | |

# ফ্রান্স

ফ্রান্স ইউরোপের পশ্চিম প্রান্তে অবস্থিত। দেশটির দক্ষিণে ভূ-মধ্যসাগর এবং পশ্চিমে আটলান্টিক মহাসাগর অবস্থিত। রোমান সম্রাট জুলিয়াস সিজার ৫৭-৫২ খ্রিস্টপূর্বে ফ্রান্স দখল করেন। ১৭৮৯ সালে ফরাসি বিপ্লবের মাধ্যমে দেশটিতে প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়। নেপোলিয়নের যুগ ছিল **ফ্রান্সের স্বর্ণযুগ**। এই সময় জার্মানী, ইতালি এবং স্পেনসহ ইউরোপের মূল ভূ-খণ্ডের বিশাল অংশ ফ্রান্সের অধিকারভুক্ত হয়।

## বিশেষ তথ্য


- **ফ্রান্সে রাজতন্ত্রের বিলোপ ঘটে-** ১৭৯২ সালে।
- **ফ্রান্স প্রজাতন্ত্র ঘোষণা করে-** ১৭৯২ সালে।
- **ফ্রান্সের স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দেন-** চার্লস ডি গ্যালে।
- **জুলিয়াস সিজারের সময় ফ্রান্সের নাম ছিল-** 'দ্য গল'।
- **বিখ্যাত ভার্সাই নগরী অবস্থিত-** ফ্রান্সের প্যারিসে।
- **ফ্রান্সের জাতীয় দিবস-** ১৪ জুলাই (বাস্তিল ডে)।
- **City of Culture বলা হয়–** প্যারিসকে।
- **City of Light বলা হয়-** প্যারিসকে।
- **'পুলু' বলা হয়-** ফ্রান্সের সৈন্যদের।
- **'আমিই রাষ্ট্র' বিখ্যাত উক্তিটি করেন-** রাজা চতুর্দশ লুই।
- **ফ্রান্সের প্রেসিডেন্টের মেয়াদ–** ৫ বছর (পূর্বে ছিল ৭ বছর)।
- **এলিসি প্রাসাদ অবস্থিত-** ফ্রান্সের প্যারিসে।
- **ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম–** এলিসি প্রাসাদ।
- **ফ্রান্সের 'লৌহ মানবী' বলা হয়-** মিশেল আলিওমারিকে।
- **ফ্রান্সের 'সূর্য রাজা' নামে খ্যাত ছিলেন-** চতুর্দশ লুই।
- **বিখ্যাত ল্যুভর যাদুঘর অবস্থিত-** প্যারিসে (ফ্রান্স)।
- **'নডরডেম গির্জা' অবস্থিত-** প্যারিসে।
- **'নটরডেম গির্জা'কে বলা হয়-** 'আওয়ার লেডি অব প্যারিস' বা 'লেডি ইউরোপ'।
- **'শতবর্ষ যুদ্ধ' ঘটেছিল যে দুটি দেশের মধ্যে-** ফ্রান্স ও ইংল্যান্ড।
- **'ভিয়েতনাম ওয়াল' অবস্থিত-** ফ্রান্সে।

### আইফেল টাওয়ার



- **অবস্থিত-** প্যারিস, ফ্রান্স।
- **উচ্চতা-** ৩২৪ মিটার বা ১০৬৩ ফুট।
- **স্থপতি-** আলেকজান্ডার গুস্তাভ আইফেল।
- **অর্থায়ন করে-** মার্কিন যুক্তরাষ্ট্র।
- **উদ্বোধন করা হয় -** ১৮৮৯ সালে।
- **পরিচয়-** ফ্রান্সের সংস্কৃতির প্রতীক।
- **টাওয়ারটির পাশ দিয়ে প্রবাহিত হয়েছে-** সীন নদী।
- ফরাসি বিপ্লবের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে নির্মিত হয়।

## গৌরবময় ফরাসি বিপ্লব



পটভূমি: ফরাসি বিপ্লব ইউরোপের ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা। ফরাসি রাজতন্ত্র এবং সামন্ততন্ত্রের মতো প্রাচীন প্রথার লালন করার ফলে দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থা ধ্বংস হয়ে আসছিল। এছাড়া রাজা ষোড়শ লুইয়ের দুর্বল অর্থনৈতিক নীতির ব্যাপক অসন্তোষের কারণেই মূলত সংগঠিত হয় এই বিপ্লব। ১৭৮৯ সালের ১৪ জুলাই প্যারিসের বাস্তিল দূর্গের পতনের মধ্য দিয়ে এই বিপ্লবের সূত্রপাত ঘটে।

- বিপ্লবের সময়কাল- ১৭৮৯ - ১৭৯৯ সাল পর্যন্ত।
- বিপ্লবে অনুপ্রেরণা যুগিয়ে ছিলেন- রুশো এবং ভলটেয়ার।
- বিপ্লবের নেতা ছিলেন- রোব্‌সপীয়র; জ্যাকোবিন ক্লাবের সদস্য ছিলেন।
- **ফরাসি বিপ্লবের শিশু বলা হয়-** নেপোলিয়নকে।
- **বিপ্লবকালীন শাসক ছিলেন-** রাজা ষোড়শ লুই।
- মূল শ্লোগান- স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব (Liberty, Equality and Fraternity)।
- শ্লোগানের প্রবক্তা- জ্যা জ্যাক রুশো।
- **ফরাসি বিপ্লবের অপরনাম-** 'বুর্জোয়া বিপ্লব' বা Elite Revolution.
- **ফরাসি বিপ্লবের সূচনা হয়-** বাস্তিল দূর্গ আক্রমণের মধ্য দিয়ে।
- **বাস্তিল দুর্গ মূলত একটি-** কারাগার।
- **বাস্তিল দূর্গের পতন ঘটে-** ১৪ জুলাই, ১৭৮৯ সালে।
- **ফরাসি বিপ্লবের মাধ্যমে পতন হয়-** রাজা ষোড়শ লুইয়ের।
- **ষোড়শ লুইকে 'গিলোটিনে' শিরোচ্ছেদ করা হয়-** ২১ জানুয়ারি, ১৭৯৩।
- **রোব্‌সপীয়রকে 'গিলোটিনে' শিরোচ্ছেদ করা হয়-** ২৮ জুলাই, ১৭৯৪।
- **ফরাসি বিপ্লবের সমাপ্তি হয়-** নেপোলিয়নের ক্ষমতা গ্রহণের মাধ্যমে (১৭৯৯ সাল)।
- **ফরাসি বিপ্লবের স্মৃতি বহন করে-** আইফেল টাওয়ার (১৮৯৯ সাল)।
- **ফরাসি বিপ্লবের ফলাফল-** ফ্রান্সে সামন্তবাদের অবসান, পুঁজিবাদের যাত্রা শুরু হয় এবং ফ্রান্স প্রজাতন্ত্রে পরিণত হয়।
- **ফরাসি বিপ্লব সংশ্লিষ্ট উল্লেখযোগ্য গ্রন্থ-**
  - The Social Contract (রুশো)
  - The Spirit of Laws (মন্টেস্কু)
  - A Tale of Two Cities (চার্লস ডিকেন্স)
  - Revolutionary (জনাথন ইসরাইল)
  - Liberty or Death (পিটার এমসিফি)

## জ্যাকোবিন ক্লাব

জ্যাকোবিন ক্লাব ছিল ফরাসি বিপ্লবের সময়ে সবচেয়ে বড় ও ক্ষমতাধর রাজনৈতিক সংঘ। এই রাজনৈতিক সভ্য গোষ্ঠীটি রাজতন্ত্রের বিরুদ্ধে গঠিত হয়েছিল। ১৭৮৯ সালে ফ্রান্সের ভার্সাই শহরে ক্লাবটি প্রতিষ্ঠিত হয়। **ম্যাক্সিমিলান রোব্‌সপীয়র ছিলেন জ্যাকোবিন ক্লাবের প্রতিষ্ঠাতা।**

## নেপোলিয়ন বোনাপার্ট



- ফ্রান্সের বিখ্যাত সেনাপতি ও সম্রাট।
- **জন্ম**- ১৭৬৯ সালে; ভূমধ্যসাগরে ফ্রান্সের কর্সিকা দ্বীপে।
- **উপাধি**- 'ফরাসি বিপ্লবের শিশু' ও 'লিটল কর্পোরাল'।
- **ফ্রান্সের 'প্রথম কনস্যুল' হন**- ১৭৯৯ সালে।
- **নিজেকে ফ্রান্সের সম্রাট ঘোষণা করেন**- ১৮০৪ সালে।
- **Hundred Days** নামক অভিযান পরিচালনা করেন।
- **মৃত্যু**- ১৮২১ সালে; যুক্তরাজ্যের 'সেন্ট হেলেনা' দ্বীপে নির্বাসিত অবস্থায় মৃত্যুবরণ করেন।

### নেপোলিয়নের উল্লেখযোগ্য তিন যুদ্ধ

| | |
|---|---|
| ট্রাফালগারের যুদ্ধ | **১৮০৫ সালে স্পেনের ট্রাফালগার নেপোলিয়নের** বাহিনীর সাথে ব্রিটিশ নৌবাহিনীর যুদ্ধ সংঘটিত হয়। যা ইতিহাসে ট্রাফালগার যুদ্ধ নামে পরিচিত। **ব্রিটিশ নৌবাহিনী 'ফ্রান্স-স্পেনে'র** সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে ঐতিহাসিক জয় পায়। যুদ্ধে ব্রিটিশ সেনাপতি ছিলেন **নেলসন**। ট্রাফালগার যুদ্ধের জয়কে স্মরণীয় রাখতে ব্রিটিশরা **লন্ডনের একটি চত্বরে 'ট্রাফালগার স্কয়ার'** নির্মাণ করে। |
| ওয়াটার লু যুদ্ধ | **১৮১৫ সালে বেলজিয়ামের ওয়াটার লু** নামক স্থানে **ব্রিটেনের** নেতৃত্বাধীন মিত্রবাহিনীর সাথে নেপোলিয়নের যুদ্ধ হয়। মিত্রবাহিনীর পক্ষে নেতৃত্ব দেন **ডিউক অব ওয়েলিংটন**। সম্রাট নেপোলিয়ন এ যুদ্ধে পরাজিত হলে, তাঁকে **দক্ষিণ আটলান্টিকে যুক্তরাজ্যের সেন্ট হেলেনা দ্বীপে** নির্বাসনে পাঠানো হয়। |
| লিপজিগের যুদ্ধ | ১৮১৩ সালে সংঘটিত এ যুদ্ধ **'ব্যাটল অব পিপল'** নামেও পরিচিত। |

### বিখ্যাত উক্তি

- I am the Revolution.
- Impossible is a word which is found in a fool's dictionary. (অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে।)
- Give me good mother, I will give you good nation. (তোমরা আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাদেরকে উন্নত জাতি দেব।)

### নেপোলিয়নের সাথে জড়িত ৩ দ্বীপ

নেপোলিয়নের সাথে জড়িত **৩টি দ্বীপ** হলো- **কর্সিকা, সেন্ট এলবা ও সেন্ট হেলেনা।** নেপোলিয়নের জন্ম ভূমধ্যসাগরের কর্সিকা দ্বীপে। প্রথমবার নির্বাসন দেয়া হয় **১৮১৪** সালে ভূমধ্যসাগরের সেন্ট এলবা দ্বীপে এবং দ্বিতীয়বার নির্বাসন দেয়া হয় **১৮১৫** সালে দক্ষিণ আটলান্টিকের সেন্ট হেলেনা দ্বীপে।



## ফ্রান্সের বিখ্যাত ব্যক্তিত্ব

| | |
|---|---|
| <br>চার্লস ডি গ্যালে | ◆ ফ্রান্সের স্বাধীনতা সংগ্রামের অগ্রনায়ক।<br>◆ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪০ সালে জার্মানী নাৎসি বাহিনীর হাতে ফ্রান্সের পতন হলে চার্লস ডি গ্যালে ফ্রান্সের মুক্তি বাহিনী (Free France Forces) গঠন করেন। |
| <br>জ্যাঁ জ্যাক রুশো | ◆ ফরাসি বিপ্লবের অগ্রপথিক।<br>◆ **ফরাসি বিপ্লবের মূল শ্লোগান-** স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব (Liberty, Equality and Fraternity)- এর প্রবক্তা।<br>◆ রোমান্টিক আন্দোলনের জনক বলা হয়।<br>◆ **তাঁর বিখ্যাত গ্রন্থ-**<br>➢ The Social Contract<br>➢ Discourse on Inequality<br>➢ Emile<br>◆ **তাঁর বিখ্যাত উক্তি-**<br>➢ Man is born free, but everywhere he is in chains.(মানুষ স্বাধীনভাবে জন্মায়, তথাপি সে সর্বত্র শৃংখলিত)।<br>➢ জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী। |
| <br>ভলটেয়ার | ◆ নাট্যকার, ঔপন্যাসিক এবং দার্শনিক।<br>◆ তিনি ছিলেন ফরাসী নবজাগরণের প্রাণ পুরুষ।<br>◆ **বিখ্যাত উক্তি-** Common sense is not so common.<br>◆ **বিখ্যাত গ্রন্থ-**<br>➢ Candide<br>➢ Annals of the Empire |
| <br>মন্টেস্কু | ◆ ফরাসী দার্শনিক ও ফরাসী বিপ্লবের অন্যতম পুরোধা।<br>◆ ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির প্রবক্তা।<br>◆ বিখ্যাত গ্রন্থ-<br>➢ The Spirit of the Laws<br>➢ Persian Letters<br>◆ বিখ্যাত উক্তি- "শীতল জলবায়ু স্বাধীনতার অনুকূলে এবং উষ্ণ জলবায়ু দাসত্ব ও স্বৈরাচারী শাসনের অনুকূলে।" |

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. কে বলেছিলেন, "মানুষ জন্মগতভাবে স্বাধীন কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত"? [DU খ' ২৩-২৪]
ক) ভ্লাদিমির লেনিন খ) জ্যাঁ-জ্যাক রুশো
গ) কার্ল মার্কস ঘ) জন লক

০২. চার্লস ডি গ্যালে নিম্নের কোন দেশের নেতা ছিলেন? (DC ঘ' ০৯-১০)
ক) ফ্রান্স খ) জার্মানি গ) স্পেন ঘ) পর্তুগাল

০৩. ফ্রান্সে নেপোলিয়ন বোনাপোর্ট ক্ষমতায় এসেছিলেন কোন সালে? (DU ঘ' ০৯-১০)
ক) ১৭৮৯ খ) ১৭৯৯ গ) ১৮০২ ঘ) ১৭৫৪

০৪. ফরাসি বিপ্লব কোন সালে শুরু হয়েছিল? (DU ঘ' ০৯-১০, ৯৭-৯৮)
ক) ১৬৪৮ খ) ১৬৮৮ গ) ১৭৮৯ ঘ) ১৮০৫

০৫. বাস্তিল দুর্গ কোন বিপ্লবের সাথে সম্পর্কযুক্ত? (DU ঘ' ০২-০৩)
ক) রুশ খ) ফরাসি গ) আমেরিকা ঘ) তুরস্ক

০৬. রোবসপীয়র- (DU খ' ১৩-১৪)
ক) আমেরিকান লেখক খ) স্পেনের গেরিলা যোদ্ধা
গ) চলচ্চিত্র অভিনেতা ঘ) ফরাসি বিপ্লবের নেতা

### বি সি এস

০৭. ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়নের জীবনাবসান হয় কোথায়? (26 BCS)
ক) দ্বীপ এনাবার্তে খ) ওয়াটার লু নামক স্থান
গ) ভার্সাই নগরীতে ঘ) সেন্ট হেলেনা দ্বীপে

০৮. বাস্তিল দুর্গের পতন ঘটেছিল- (12 BCS)
ক) ১৪ জুলাই ১৭৮৯ খ) ৭ জুন ১৯৮৮
গ) ৫ অক্টোবর ১৭৮৮ ঘ) ২৬ আগষ্ট ১৭৮৮

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

০৯. নেপোলিয়ন কোথায় জন্মগ্রহণ করেন? (জবি-খ, ১০-১১)
ক) সিসিলি খ) মাল্টা গ) কর্সিকা ঘ) সার্দিনিয়া

১০. ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেন কোন লেখকদ্বয়? (মাদকদ্রব্য অধিদপ্তরের সহকারী পরিচালক, ৯৯)
ক) প্লেটো ও রুশো খ) রুশো ও ভলটেয়ার
গ) প্লেটো ও অ্যারিস্টটল ঘ) শেক্সপিয়র ও ভলটেয়ার

১১. ফরাসি বিপ্লবের মতবাদ বা শ্লোগানের প্রবক্তা কে ছিলেন? (মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক, ০০)
ক) মোপাসা খ) ভলটেয়ার গ) বারট্রান্ড রাসেল ঘ) রুশো

১২. ফরাসি বিপ্লবের শিশু বলা হয়- (মার্কেটিং, ০৪-০৫)
ক) রুশোকে খ) জন লককে গ) ভলটেয়ারকে ঘ) নেপোলিয়নকে

উত্তরমালা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. ক | ৩. খ | ৪. গ | ৫. খ | ৬. ঘ | ৭. ঘ | ৮. ক |
| ৯. গ | ১০. খ | ১১. ঘ | ১২. ঘ | | | | |

# জার্মানি

- পূর্বে 'ডয়েচল্যান্ড' বলা হতো- জার্মানিকে।
- বার্লিন অবস্থিত- স্প্রি নদীর তীরে।
- জার্মানির প্রাচীন রাজাদের উপাধি ছিল- কাইজার।
- জার্মানির যে রাজা ইংল্যান্ডের সিংহাসনে বসেন- তৃতীয় জর্জ।
- প্রথম বিশ্বযুদ্ধে জার্মানিকে সমর্থন করে- অটোম্যান সাম্রাজ্য।
- নুরেমবার্গে জার্মানির যুদ্ধাপরাধীদের বিচার শুরু হয়- ১৯৪৫ সালে।
- জার্মানি বিভক্ত হয়- ১৯৪৫ সালে।
- নাৎসি আন্দোলন সর্বপ্রথম শুরু হয় যে শহর থেকে- মিউনিখ।
- জার্মানির প্রধানমন্ত্রীর মর্যাদাসম্পন্ন পদের নাম/সরকার প্রধানকে বলা হয়- চ্যান্সেলর।
- জার্মানির সর্বকনিষ্ঠ ও প্রথম নারী চ্যান্সেলর- অ্যাঞ্জেলা মার্কেল।
- 'ব্ল্যাক ফরেস্ট' অবস্থিত- জার্মানিতে।
- জার্মান ব্যতিত যে দেশের প্রায় সকল নাগরিক জার্মান ভাষায় কথা বলে- অস্ট্রিয়া।
- পৃথিবীর বৃহত্তম আইটি মেলা 'সিবিট' অনুষ্ঠিত হয়- জার্মানির হ্যানোভারে।


অ্যাঞ্জেলা মার্কেল

## বার্লিন প্রাচীর



দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানি পূর্ব ও পশ্চিম নামে দুইটি আলাদা দেশে বিভক্ত হয়ে যায়। তখন পূর্ব জার্মানিতে 'সমাজতান্ত্রিক' ও পশ্চিম জার্মানিতে 'পুঁজিবাদী' ব্যবস্থা চালু করা হয়। পূর্ব জার্মানির সমাজতান্ত্রিক শাসকেরা ১৯৬১ সালে বার্লিন শহরের মাঝ বরাবর ১৫৫ কিলোমিটার দীর্ঘ কংক্রিটের প্রাচীর তৈরি করে। ১৯৮৯ সালে এই প্রাচীরের পতন ঘটে। ৩ অক্টোবর, ১৯৯০ দুই জার্মানি পুনরায় একত্রিত হয়।

- নির্মাণ করা হয়- ১৩ আগস্ট, ১৯৬১।
- নির্মাণ করে- সাবেক পূর্ব জার্মানি।
- দৈর্ঘ্য- ১৫৫ কিলোমিটার (৯৬ মাইল)।
- পশ্চিম জার্মানির রাজধানীর নাম ছিল- বন।
- পূর্ব জার্মানির রাজধানীর নাম ছিল- বার্লিন।
- ভেঙ্গে ফেলা হয়- ৯ নভেম্বর, ১৯৮৯।
- জার্মানিকে বিভক্তকারী প্রাচীরের নাম- বার্লিন প্রাচীর।
- দুই জার্মানি একত্রিত হয়- ৩ অক্টোবর, ১৯৯০ (মধ্যরাতে)।
- জার্মানির জাতীয় দিবস- ৩ অক্টোবর; পুনর্মিলনের দিন।
- বার্লিন দেয়ালে নির্মিত গেইটের নাম- ব্রান্ডেনবার্গ।



৩ অক্টোবর, ১৯৯০ মধ্যরাতে দুই জার্মানি একত্রিত হয়।

# বিখ্যাত ব্যক্তিত্ব

## অটোভন বিসমার্ক



- জার্মানির প্রথম চ্যান্সেলর ছিলেন।
- আধুনিক জার্মানির জনক বলা হয়।
- 'The Policy of Blood and Iron' বা 'রক্ত ও লৌহ নীতি' নীতি গ্রহণ করেন।
- 'Man of Blood and Iron' বা 'আয়রন চ্যান্সেলর' হিসেবে খ্যাত।
- যে জার্মান রাজ্যের জেনারেল ছিলেন- প্রুশিয়া।
- জার্মানিকে **'পরিতৃপ্ত দেশ'** হিসেবে ঘোষণা দেন।
- বিখ্যাত উক্তি- এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না।

**Blood and Iron Policy**

অটোভন বিসমার্ক মনেপ্রাণে বিশ্বাস করতেন শুধু সামরিক শক্তির দ্বারাই জার্মানির ঐক্যলাভ সম্ভব। এরই পরিপ্রেক্ষিতে তিনি **১৮৬২ সালে একটি বৈদেশিক নীতি প্রবর্তন** করেন যা 'রক্ত ও লৌহ নীতি' **(Blood and Iron Policy)** নামে পরিচিত। বিসমার্ক ৩টি যুদ্ধের (ডেনমার্কের সঙ্গে যুদ্ধ, অস্ট্রো-প্রুশিয়া যুদ্ধ, ফ্রাঙ্কো-প্রুশিয়া যুদ্ধ) মাধ্যমে জার্মানিকে ঐক্যবদ্ধ করেন। এই **'রক্ত ও লৌহ নীতি'** প্রণয়নের জন্য অটোভন বিসমার্ককে **'আয়রন চ্যান্সেলর' বা 'Man of Blood and Iron' বলা হয়।**

## এডলফ হিটলার



- জন্ম- ১৮৮৯ সালে; অস্ট্রিয়া।
- উপাধি- ফুয়েরার।
- প্রথম বিশ্বযুদ্ধে জার্মানির পক্ষে সৈনিক হিসেবে যোগদান করেন।
- তাঁর রাজনৈতিক দল- নাৎসি পার্টি (Nazi Party)।
- জার্মানির চ্যান্সেলর হন- ১৯৩৩ সালে।
- জার্মানির চ্যান্সেলর ছিলেন- ১৯৩৩-১৯৪৫ সাল পর্যন্ত।
- তাঁর গোপন পুলিশ বাহিনীর নাম- গেস্টাপো।
- 'গেস্টাপো' পুলিশ বাহিনী গঠন করেন- ১৯৩৩ সালে।
- তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ- Mein Kampf (My Struggle).
- তাঁর বিখ্যাত উক্তি- যুদ্ধই জীবন, যুদ্ধই সার্বজনীন।
- তাঁর মূলনীতি ছিল- এক জাতি, এক রাষ্ট্র, এক নেতা।
- আত্মহত্যা করেন- ৩০ এপ্রিল, ১৯৪৫ সালে।

**নোট:** হিটলারের রাজনৈতিক দল 'নাৎসি পার্টি'র পূর্ণনাম 'জাতীয় সমাজতান্ত্রিক জার্মান শ্রমিক দল' (National Socialist German Worker's Party)।

## কার্ল মার্কস



- জন্ম- জার্মানির প্রুশিয়ায় ইহুদি পরিবারে।
- আধুনিক সমাজতন্ত্রের জনক।
- 'আদিম সাম্যবাদ' প্রত্যয়টি তাঁর।
- ফ্রেডরিক এঙ্গেলসের সাথে যৌথভাবে রচিত রাজনৈতিক বই- Communist Manifesto.
- **Communist Manifesto** পরিচিত- সমাজতন্ত্রের বাইবেল নামে।
- উল্লেখযোগ্য গ্রন্থ-
  - The Poverty of Philosophy.
  - Das Capital (রুশ বিপ্লবে অনুপ্রেরণা যুগিয়ে ছিল)।
- বিখ্যাত উক্তি-
  - *Workers of the world, unite!*
  - *মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণী সংগ্রামের ইতিহাস।*
  - *উৎপাদন পদ্ধতি সংস্কৃতিকে নির্ধারণ করে।*
  - *দার্শনিক এতদিন সমাজের ব্যাখ্যাই করেছেন, এখন প্রয়োজন এটা পরিবর্তন করা।*
  - *অর্থ হলো পুঁজিবাদের হাতে শ্রমিক শোষণের একটি হাতিয়ার।*

## ফ্রেডরিক এঙ্গেল

- জার্মানির বিখ্যাত দার্শনিক।
- মার্কসবাদের অন্যতম অগ্রদূত।
- জার্মান ভাববাদের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি।

## মার্কসবাদ

- 'মার্কসবাদ' হলো- কার্ল মার্কস ও ফ্রেডরিক এঙ্গেলের মতবাদ।
- মার্কসবাদের ভিত্তি- দ্বান্দ্বিক বস্তুবাদ।
- মার্কসবাদের মতে- "বস্তুত প্রচলিত ইতিহাস হচ্ছে-শ্রেণি সংগ্রামের ইতিহাস"।






## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. বার্লিন দেয়াল/প্রাচীর কোন সালে নির্মিত হয়েছিল? (DU খ ০০-০১, ০২-০৩, 16 BCS)
ক) ১৯৪৬ খ) ১৯৪৮ গ) ১৯৬১ ঘ) ১৯৬২

২. বার্লিন প্রাচীরের পতন হয়- (DU ঘ' ০৩-০৪)
ক) ১৯৮৮ খ) ১৯৮৯ গ) ১৯৯০ ঘ) ১৯৯২

৩. ১৯৯০ সালের কোন তারিখে পূর্ব ও পশ্চিম জার্মানি পুনরায় একটি রাষ্ট্র গঠন করে? (DU খ ৯৭-৯৮, 13 BCS)
ক) ২ অক্টোবর (সকালে) খ) ২ অক্টোবর (মাঝরাতে)
গ) ১ অক্টোবর (দুপুরে) ঘ) ৩ অক্টোবর (মাঝরাতে)

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৪. জার্মানির প্রথম নারী চ্যান্সেলর কে? (41 BCS)
ক) অ্যানেগরেট ক্রাম্প খ) লিনা হেডরিচ
গ) অ্যাঞ্জেলা মার্কেল ঘ) পেট্রা কেলি

৫. বার্লিন প্রাচীর তৈরি করেছিল- (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক, ০৫)
ক) সাবেক পূর্ব জার্মানি খ) সাবেক পশ্চিম জার্মানি
গ) দুই জার্মানি একত্রে ঘ) রাশিয়া

৬. বার্লিন প্রাচীর ভেঙ্গে ফেলা হয়- (জবি ঘ' ১৩-১৪)
ক) ১৯৯৮ সালের ২২ ফেব্রুয়ারি খ) ১৯৮৯ সালের ৯ নভেম্বর
গ) ১৯৮৯ সালের ১৯ নভেম্বর ঘ) ১৯৯৮ সালের ৯ নভেম্বর

৭. পূর্ব জার্মানি রাষ্ট্রের অবলুপ্তি ঘোষিত হয় কত সালে? (উপজেলা মহিলা কর্মকর্তা-০৫)
ক) ১৯৮৭ খ) ১৯৯০ গ) ১৯৯১ ঘ) ১৯৯২

৮. বিসমার্ক কে ছিলেন? (থানা নির্বাচন অফিসার, ০৪)
ক) ফ্রান্সের প্রেসিডেন্ট খ) জার্মানির চ্যান্সেলর
গ) ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ঘ) অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী

৯. নিম্নের জার্মানির কোন রাজা ইংল্যান্ডের সিংহাসনে বসেন? (স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য সহকারী, ১০)
ক) প্রথম জর্জ খ) দ্বিতীয় জর্জ গ) তৃতীয় জর্জ ঘ) চতুর্থ জর্জ

১০. হিটলারের দলের নাম- (সি এ জি 'অধীকক্ষ'-৯৮)
ক) জাতীয় সমাজতান্ত্রিক দল খ) সমাজতান্ত্রিক দল
গ) জাতীয়তাবাদী দল ঘ) নাৎসি দল

১১. জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর কে? (রাবি-সমাজবিজ্ঞান, ০৫-০৬)
ক) মাইকেল অ্যাঞ্জেলা খ) অ্যাঞ্জেলা মার্কেল
গ) মাইকেল গ্রিফিন ঘ) পল উলফোভিৎস


১২. 'কাইজার' কোন দেশের প্রাচীন রাজাদের বলা হত? (ববি 'ঘ' ১৫-১৬)
ক) জাপান খ) চীন গ) জার্মানি ঘ) ইরাক

উত্তরমালা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. গ | ২. খ | ৩. ঘ | ৪. গ | ৫. ক | ৬. খ | ৭. খ | ৮. খ |
| ৯. গ | ১০. ঘ | ১১. খ | ১২. গ | | | | |

# রাশিয়া

আয়তনে পৃথিবীর বৃহত্তম দেশ রাশিয়া। **১৯২২ সালে পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশ 'সোভিয়েত ইউনিয়ন'** গঠিত হয়। মূলত 'সোভিয়েত ইউনিয়ন' ছিল ১৫টি সোভিয়েত প্রজাতন্ত্রের সমন্বয়ে গঠিত একটি ফেডারেশন। এই ফেডারেশনের একটি সদস্য ছিল **'সোভিয়েত রাশিয়া'**। ১৯৯১ সালের ২৬ ডিসেম্বর আনুষ্ঠানিভাবে 'সোভিয়েত ইউনিয়ন' ভেঙ্গে ১৫ টি রাষ্ট্র গঠিত হয়, যাদের মধ্যে বৃহত্তম রাষ্ট্র 'প্রজাতন্ত্র রুশ ফেডারেশন' বা 'রাশিয়া'। মিখাইল গর্বাচেভ ছিলেন সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ প্রেসিডেন্ট (১৯৯০-১৯৯১)। রাশিয়ার প্রথম প্রেসিডেন্ট ছিলেন বরিস ইয়েলৎসিন।




মস্কোর রেড স্কয়ারের **লেনিন জাদুঘরে সংরক্ষিত আছে 'ভ্লাদিমির লেনিনে'র মরদেহ।**

## বেসিক তথ্য

- **অধিক সীমান্তের দেশ-** রাশিয়া (১৪ টি দেশের সাথে সীমান্ত)।
- **ভৌগোলিকভাবে রাশিয়া অবস্থিত-** দুই মহাদেশে (এশিয়া ও ইউরোপ)।
- **'সাদা রাশিয়া' বলা হয়-** বেলারুশকে।
- **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয়-** রাশিয়াকে।
- **রাশিয়া প্রজাতন্ত্রে পরিণত হয়-** ১৯১৭ সালে (জারের পতনের পর)।
- **USSR নামটি গৃহীত হয়-** ৩০ ডিসেম্বর, ১৯২২।
- **USSR এর পূর্ণরূপ-** Union of Soviet Socialist Republics.
- **USSR বিলুপ্ত হয়-** ২৬ ডিসেম্বর, ১৯৯১ সালে।
- **চেরনোবিল বিদ্যুৎকেন্দ্রে আণবিক দুর্ঘটনা ঘটে-** ১৯৮৬ সালে।
- **গণতান্ত্রিক রাশিয়ার জন্য সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে-** ১৯৯১ সালে
- **রাশিয়ার প্রথম নির্বাচিত গণতান্ত্রিক প্রেসিডেন্ট ছিলেন-** বরিস ইয়েলৎসিন (১৯৯১-১৯৯৯)।
- **১৯৩৯ সালে 'মলোটভ রিবেন ট্রোপ' চুক্তিটিতে স্বাক্ষর করেন-** স্ট্যালিন ও মুসোলিনি।
- **রাশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম-** ক্রেমলিন।
- **রাশিয়ার প্রথম সম্রাট ছিলেন-** পিটার দ্য গ্রেট।
- **দাঁড়ির ওপর কর বসানো রাশিয়ান শাসক-** পিটার দি গ্রেট।
- **রাশিয়ার রাজধানী মস্কো থেকে সেন্ট পিটার্সবার্গে স্থানান্তর করে-** পিটার দি গ্রেট (১৭১০)।
- **রুশ রাজাদের বলা হতো-** জার।
- **রুশ বিপ্লবকালীন রাজা/ রাশিয়ার সর্বশেষ রাজা ছিলেন-** দ্বিতীয় নিকোলাস।।
- **জারতন্ত্রের পতন ঘটে-** রুশ বিপ্লবের মাধ্যমে ।
- **জারের আমলে রাশিয়ার সামরিক শক্তির প্রতীক ছিল-** ঈগল।
- **লেনিনগ্রাদ-** ফিনল্যান্ড উপসাগরের তীরে অবস্থিত রাশিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর।

# রুশ বিপ্লব (Russian Revolution)

১৯১৭ সালে লেনিনের নেতৃত্বে বলশেভিক পার্টি তথা রাশিয়ার সর্বহারা শ্রেণী কর্তৃক রাষ্ট্রক্ষমতা দখলই হল রুশবিপ্লব। বলশেভিক পার্টির ইশতেহারের ফলে জার পরিবার ও জমিদারদের বিপুল পরিমাণ জমি (৪০ কোটি একর) বাজেয়াপ্ত করে ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়। এ ছাড়া যাবতীয় খনিজ সম্পদ, নদী ইত্যাদিও জনগণের সম্পত্তিরূপে ঘোষণা করা হয়।



মস্কোতে আন্দোলন

## যেভাবে প্রশ্ন হতে পারে

- বিপ্লব হয়- ১৯১৭ সালে।
- রাশিয়াতে জারতান্ত্রিক শাসনব্যবস্থার পতন ঘটে- ১৯১৭ সালে।
- বিপ্লবের নেতৃত্ব দেন- ভ্লাদিমির লেনিন।
- স্থায়ী ছিল- ১০ দিন।
- অপর নাম- অক্টোবর বিপ্লব, বলশেভিক বিপ্লব।
- বিপ্লবের কেন্দ্র- পেট্রোগ্র্যাদ (বর্তমান সেন্ট পিটার্সবার্গ)।
- সরকারের বাহিনীর নাম- ইম্পেরিয়াল রাশিয়ান আর্মি।
- বিপ্লবীদের বাহিনীর নাম- রেড গার্ডস।
- সরকারের পক্ষে থাকে- কেরনস্কির দল।
- বিশ্বে সমাজতন্ত্রের যাত্রা শুরু হয়- রুশ বিপ্লবের মধ্য দিয়ে।
- পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশ- রাশিয়া (১৯২২)।
- সর্বশেষ জার ছিলেন- দ্বিতীয় নিকোলাস।
- রুশ বিপ্লবের পর রাশিয়ার রাজধানী পেট্রোগ্রাড হতে মস্কোয় স্থানান্তর করা হয়- ১৯১৮ সালে
- সমাজতন্ত্রের ধারণা দেন- কার্ল মার্কস।
- কার্ল মার্কস ছিলেন- জার্মানির দার্শনিক।
- রুশ বিপ্লব নিয়ে 'দুনিয়া কাঁপানো দশ দিন' বইটি লিখেন- জন রীড।



লেনিন মার্কসবাদে বিশ্বাসী ছিলেন। মার্কসীয় অর্থনৈতিক বিশ্লেষণের ভিত্তিতেই তিনি সাম্যবাদী আন্দোলনের গড়াপোত্তন করেন।



লেনিন সুইজারল্যান্ড থেকে এসে বিপ্লবে যোগ দেন



পতন ঘটে দ্বিতীয় নিকোলাসের





বিপ্লবকালীন আলোচিত রুশ পত্রিকা 'প্রাভদা

## বিখ্যাত ব্যক্তিত্ব

### ভ্লাদিমির লেনিন



- ১৯১৭ সালের রুশ বিপ্লবের মহান নেতা।
- পূর্ণনাম- ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ লেনিন।
- গঠন করেন- রাশিয়ান সোশালিস্ট ডেমোক্রেটিক লেবার পার্টি (RSDLP)।
- পেট্রোগ্রাদের নাম লেনিনগ্রাদ করা হয়- ১৯২৪ সালে।
- মৃত্যুবরণ করেন- ১৯২৪ সালে।
- মরদেহ সংরক্ষিত আছে- মস্কোর রেড স্কয়ারের লেনিন যাদুঘরে।
- **New Economic Policy (NEP)** প্রবর্তন করেন।

<u>উল্লেখযোগ্য গ্রন্থ</u>

- The State and Revolution.
- Imperialism, the Highest Stage of Capitalism.
- 'Left-Wing' Communism.
- The Development of Capitalism in Russia.

### জোসেফ স্ট্যালিন



- ১৯১৭ সালের রুশ বিপ্লবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।
- লেনিনের বলশেভিক দলের পত্রিকা **'প্রাভদা'** নিয়ন্ত্রণ করতেন।
- 'পঞ্চবার্ষিকী পরিকল্পনা' নীতির প্রবর্তক।
- পরিচালিত দমননীতি- 'গ্রেট পারজ' বা 'গ্রেট টেরর'।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন।

### মিখাইল গর্বাচেভ



- সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ প্রেসিডেন্ট ছিলেন।
- মার্গারেট থ্যাচার তাঁর সম্বন্ধে যে উক্তিটি করেন- "আমি গর্বাচেভকে পছন্দ করি। আমরা একসঙ্গে কাজ করতে পারি।"
- তাঁর ক্ষমতাকালে ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যায়।
- 'গ্লাসনস্ত' ও 'পেরেস্ত্রইকা' নীতির প্রবক্তা।

**গ্লাসনস্ত:** গ্লাসনস্ত অর্থ খোলামেলা আলোচনা। এই নীতির কারণে সোভিয়েত ইউনিয়নের জনগণ খোলামেলাভাবে মত প্রকাশের সুযোগ পায়।

**পেরেস্ত্রইকা:** পেরেস্ত্রইকা শব্দের অর্থ সংস্কার বা পুনর্গঠন। গর্বাচেভ ১৯৮৭ সালে এই রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্কার কর্মসূচি চালু করেন।

## সিআইএস (CIS)

- **CIS এর পূর্ণরূপ- Commonwealth of Independent States.**
- **প্রতিষ্ঠাকাল- ১৯৯১ সালে; সদর দপ্তর- মিনস্ক, বেলারুশ।**
- **পূর্ণ সদস্য- ৯ টি; সহযোগী সদস্য- ১টি (তুর্কমেনিস্তান)।**
- **পূর্বে সদস্য ছিল বর্তমানে নেই- জর্জিয়া।**
- **পূর্বে সদস্য ছিল না বর্তমানে সদস্য- আর্মেনিয়া।**

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. **কোন বিখ্যাত নেতার মরদেহ এখনো সংরক্ষণ করা আছে?** [DU ঘ' ১৭-১৮]
ক. কার্ল মার্ক্স খ. উড্রো উইলসন গ. হো চি মিন ঘ. ভ্লাদিমির ইলিচ লেনিন

২. **কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত?** (DU ঘ ১০-১১)
ক) আমেরিকা খ) নরওয়ে গ) কানাডা ঘ) রাশিয়া

৩. **'পেরেস্ত্রইকা'র উদ্ভাবক কে?** (DU খ ৯৭-৯৮)
ক) ক্লিনটন খ) গর্বাচেভ গ) ওয়ালেসা ঘ) ইয়েলৎসিন

৪. **কোন দেশটি কমনওয়েলথ অফ ইন্ডিপেন্ডেন্ট স্টেটস (সিআইএস) এর সদস্য রাষ্ট্র?** (DU ঘ ০৩-০৪)
ক) পোল্যান্ড খ) চীন গ) বেলারুশ ঘ) জার্মানি

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৫. **রাশিয়ার পূর্বাঞ্চলের সর্ববৃহৎ শহর কোনটি?** (20 BCS)
ক) সাইবেরিয়া খ) ভ্লাদিভোস্টক গ) খাবারভস্ক ঘ) বোখারা

৬. **'গ্লাসনস্ত' এর অর্থ কী?** (14, 35 BCS)
ক) সমাজতন্ত্রের সংগঠন খ) খোলামেলা আলোচনা
গ) সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান ঘ) সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠা

৭. **পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশের নাম কী?** (চবি-খ, ০৮-০৯)
ক) ভিয়েতনাম খ) সোভিয়েত রাশিয়া গ) ফ্রান্স ঘ) চীন

৮. **সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্বাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন?** (দুর্নীতি দমন পরিদর্শক, ০৪)
ক) ১৯৮৫ সালে খ) ১৯৮৬ সালে গ) ১৯৮৭ সালে ঘ) ১৯৯০ সালে

৯. **আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন কত সালে বিলুপ্ত করা হয়?** (সমাজসেবা অফিসার, ০৬)
ক) ১৯৯০ খ) ১৯৯১ গ) ১৯৯৩ ঘ) ১৯৯৪

১০. **সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে কয়টি রাষ্ট্র গঠন করা হয়েছিল?** (দুদক সহকারী পরিদর্শক, ০৪)
ক) ১০টি খ) ১৫টি গ) ১২টি ঘ) ১৬টি

১১. **সিআইএস-এর সদর দপ্তর-** (পাবলিক সার্ভিক কমিশন সচিবালয়ে সহকারী সচিব, ০৫)
ক) মস্কোতে খ) বাকুতে গ) মিনস্কে ঘ) দুশানবে

১২. **যে বছর রাশিয়ার বলশেভিক বিপ্লব সংঘটিত হয়-** (জাবি খ, ০৭-০৮)
ক) ১৯১৬ খ) ১৯১৭ গ) ১৯৪৯ ঘ) ১৯৬২

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ঘ | ২. ঘ | ৩. খ | ৪. গ | ৫. খ | ৬. খ | ৭. খ | ৮. ক |
| ৯. খ | ১০. খ | ১১. গ | ১২. খ | | | | |


খ্রিস্টপূর্ব ৩৩৮ অব্দে মহাবীর আলেকজান্ডার এক সাম্রাজ্য প্রতিষ্ঠা করে। ১৪৬ খ্রিস্টাব্দ নাগাদ গ্রিস রোম সাম্রাজ্যের অংশে পরিণত হয়। গ্রিস ১৪৬০ খ্রিস্টাব্দে তুরস্কের অধীনে চলে যায়। ১৮২৯ খ্রিস্টাব্দে গ্রিস স্বাধীনতা লাভ করে। ১৯৪৫ সালে জাতিসংঘের সদস্য পদ লাভ করে।

## বিশেষ তথ্য

- গ্রিসের প্রাচীন উল্লেখযোগ্য দার্শনিক ছিলেন- সক্রেটিস, প্লেটো, এরিস্টটল এবং থ্যালিস।
- দর্শন চর্চা সর্বপ্রথম শুরু হয়- প্রাচীন গ্রিসে।
- জ্ঞান চর্চা করতে গিয়ে 'ফিল্‌সফি' শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন- প্লেটো।
- ফিল্‌সফি শব্দের অর্থ- জ্ঞানের প্রতি ভালোবাসা।
- বাংলাদেশে একমাত্র গ্রিক সমাধি রয়েছে- ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্বরে।
- গণতন্ত্রের সূতিকাগার/আতুরঘর বলা হয়- গ্রিসকে।
- পৃথিবীর মানচিত্র প্রথম অঙ্কন করেন- গ্রিকরা।
- গ্রিসের পূর্বনাম ছিল- হেলাস।
- 'হেলাস'কে গ্রিস নামে রূপান্তরিত করেন- রোমানরা।
- গ্রিসের উচ্চতম পর্বতশৃঙ্গের নাম- মাউন্ট অলিম্পাস।
- অলিম্পিকের দেশ হিসেবে খ্যাত দেশ- গ্রিস।
- গ্রিসের সামরিক নগর রাষ্ট্রের নাম- স্পার্টা।
- গ্রিসের গণতান্ত্রিক নগর রাষ্ট্র ছিল- এথেন্স।
- জলপাই গাছের দেশ বলা হয়- গ্রিসকে।
- পেলোপোনেশিয় যুদ্ধ সংঘটিত হয়- গ্রিসে।

### ছাত্র-শিক্ষক ক্রম

- সক্রেটিসের ছাত্র ছিলেন- প্লেটো।
- প্লেটোর ছাত্র ছিলেন- এরিস্টটল।
- এরিস্টটলের ছাত্র ছিলেন- মহামতি আলেকজান্ডার।
- Wise men of the old বলা হয়- সক্রেটিস, প্লেটো এবং এরিস্টটলকে।



সক্রেটিস → প্লেটো → এরিস্টটল → আলেকজান্ডার


# বিখ্যাত ব্যক্তিত্ব

| | |
|---|---|
| <br>সক্রেটিস<br>(৪৬৯-৩৯৯ খ্রিস্টপূর্ব) | ◆ বিখ্যাত গ্রিক দার্শনিক ছিলেন।<br>◆ জ্ঞানের পিতা বলা হয়।<br>◆ সব জ্ঞানীদের গুরু বলা হয়।<br>◆ 'হেমলক' লতার বিষপানে হত্যা করা হয়।<br>বিখ্যাত উক্তি-<br>➢ *Know thyself.*<br>➢ *Knowledge is Virtue (জ্ঞানই পূণ্য)।*<br>➢ *Virtue is Knowledge (সৎ গুণই/পূণ্যই জ্ঞান)।*<br>➢ *An unexamined life is not worth living.*<br>➢ *I to die, you to live-which is the better only God knows.* |
| <br>প্লেটো<br>(৪২৭-৩৪৭ খ্রিস্টপূর্ব) | ◆ বিখ্যাত গ্রিক দার্শনিক।<br>◆ **'দি রিপাবলিক'** ও **'ডায়ালগস'** তার রচিত গ্রন্থ।<br>◆ **প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান**- 'একাডেমিয়া'।<br>বিখ্যাত উক্তি-<br>➢ *Virtue is knowledge and Education is the main thing to acquire virtue.*<br>➢ *শাসক যদি হয় ন্যায়বান তাহলে আইন অনাবশ্যক, আর শাসক যদি দুর্নীতিপরায়ণ হয় তাহলে আইন নিরর্থক।* |
| <br>এরিস্টটল<br>(৩৮৪-৩২২ খ্রিস্টপূর্ব) | ◆ বিখ্যাত গ্রিক দার্শনিক।<br>◆ রাষ্ট্রবিজ্ঞান, প্রাণীবিজ্ঞান ও জীববিজ্ঞানের জনক।<br>◆ **'দি পলিটিক্স'** ও **'দি লজিক'** তার রচিত গ্রন্থ।<br>◆ **'স্কুল অব ফিলোসফি সায়েন্সে'র** প্রতিষ্ঠাতা।<br>◆ **প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান**- 'লাইসিয়াম'।<br>বিখ্যাত উক্তি-<br>➢ *Man without society is either a beast or a God (যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা).*<br>➢ *মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি।*<br>➢ *মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব।*<br>➢ *শক্তি নয়, ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি।*<br>➢ *বল, শক্তি এবং লোভ লালসা মানুষের মধ্যে জন্মগতভাবে অসমভাবে বণ্টিত।*<br>➢ *আইন হলো পক্ষপাতহীন যুক্তি।*<br>➢ *ইতিহাস হলো অভিজাত শ্রেণির সমাধিক্ষেত্র।*<br>➢ *রাষ্ট্রের পছন্দকৃত পদ্ধতিই সংবিধান।* |



আলেকজান্ডার

- মেসিডোনিয়ার শাসক।
- পিতার মৃত্যুর পর মাত্র ২০ বছর বয়সে সিংহাসনে বসেন।
- পারস্য হয়ে মধ্য এশিয়ায় প্রবেশ করেন এবং খ্রিস্টপূর্ব ৩২৭ অব্দে ভারতবর্ষের উত্তর-পশ্চিম অংশ আক্রমণ করে দখল করে নেন।
- ভারত আক্রমণের সময় তাঁর সেনাপতি ছিলেন- সেলুকাস।
- ব্যবিলনে তাঁর সাম্রাজ্যের রাজধানী স্থাপন করেন।
- রোগাক্রান্ত হয়ে মাত্র ৩২ বছর বয়সে ৩২৩ খ্রিস্ট পূর্বাব্দে মারা যান।



মহাকবি হোমার

- প্রাচীন গ্রিক মহাকবি।
- তাঁর উপাধি- 'ব্লাইন্ড বার্ড' বা 'অন্ধ পাখি'।
- **'ইলিয়াড'** এবং **'ওডেসি'** নামক মহাকাব্যের রচয়িতা।



হেরোডোটাস

- ইতিহাসের জনক বলা হয়।
- বিখ্যাত গ্রন্থ- The Histories.
- **The Histories গ্রন্থের বিষয়বস্তু-** গ্রিক-পারসিক যুদ্ধ।

**নোট:** বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয় গ্রিসের আরেক খ্যাতিমান ইতিহাসবিদ থুকিডাইডিসকে।

## বিগত বছরের প্রশ্ন

০১. 'নিজেকে জানো'-উক্তিটি যাঁর- [DU খ' ২১-২২]
ক. সক্রেটিস খ. প্লেটো গ. পিথাগোরাস ঘ. গৌতম বুদ্ধ

০২. গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশে? (44 BCS)
ক. যুক্তরাষ্ট্র খ. প্রাচীন গ্রিস গ. প্রাচীন রোম ঘ. প্রাচীন ভারত

০৩. হেরোডোটাস-এর জন্মভূমি- (DU খ' ১৪-১৫)
ক. ইতালি খ. গ্রিস গ. স্পেন ঘ. মিশর

০৪. Virtue is knowledge- কার বিখ্যাত উক্তি? '(জবি ঘ' ১৬-১৭)
ক. প্লেটো খ. সক্রেটিস গ. এরিস্টটল ঘ. রুশো

০৫. Virtue is knowledge and Education is the main thing acquire virtue-কার উক্তি? (ইবি সি' ০৭-০৮)
ক. প্লেটো খ. এরিস্টটল গ. সক্রেটিস ঘ. হেগেল

০৬. হোমার কোন ভাষার কবি? (DU ঘ' ৯৬-৯৭)
ক. ইংরেজি খ. ল্যাটিন গ. গ্রিক ঘ. স্প্যানিশ

০৭. বীর আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন? (DU ঘ' ৯৬-৯৭)
ক. সফোক্লিস খ. সক্রেটিস গ. এরিস্টটল ঘ. প্লেটো

**উত্তরমালা**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. খ | ৩. খ | ৪. খ | ৫. ক | ৬. গ | ৭. গ |

# ইতালি

## বেসিক তথ্য

- রাজতন্ত্র বিলুপ্ত হয়- ১২ জুন, ১৯৪৬ সালে।
- ইতালি প্রজাতন্ত্র হিসেবে গঠিত হয়- ১৯৪৬ সালে গণভোটের মাধ্যমে।
- ইতালির পো নদীর মোহনায় অবস্থিত- ভেনিস শহর
- অপেরার প্রথম প্রচলন হয়- ইতালিতে
- ল্যান্ড অব মার্বেল বলা হয়- ইতালিকে।
- ইতালির রাজধানী- রোম।
- রোম নগরকে কেন্দ্র করে গড়ে ওঠা সভ্যতার নাম- রোমান সভ্যতা।
- প্রাচীন রোম ছিল- কৃষিনির্ভর।
- সাত পাহাড়ের শহর বলা হয়- রোমকে।
- রোম যার অনুযায়ী নামকরণ করা হয়- রাজা রোমিউলাস।
- রোম নগরীর প্রতিষ্ঠাতা- রাজা রোমিউলাস।
- রোম সাম্রাজ্যের প্রথম সম্রাট- অগাস্টাস সিজার।
- রোম সাম্রাজ্যের শেষ সম্রাট- রোমিউলাস অগাস্টুলাস।
- যে আইনের দৃষ্টিতে সকল মানুষ সমান ছিল- রোমান আইন।
- রোমানদের প্রধান দেবতার নাম ছিল- জুপিটার।
- 'ইউরোপের বুট' বা 'লং সু' বলা হয়- ইতালিকে।
- ইতালিকে ইউরোপের বুট বলার কারণ- ভৌগোলিক আকৃতিতে ইতালি দেখতে অনেকটা বুট আকৃতির জুতার মত।

## ইউরোপের ছিদ্রায়িত রাষ্ট্র

- ইউরোপের ছিদ্রায়িত রাষ্ট্র বলা হয়- ইতালিকে।
- ইতালিকে ছিদ্রায়িত রাষ্ট্র বলার কারণ- ইতালির ভেতরে রোমের পাশে ভ্যাটিকান সিটি ও স্যান ম্যারিনো নামে দুটি রাষ্ট্র রয়েছে।




- ইতালির ভৌগোলিক আকৃতি বুট জুতার মত হওয়ায় ইতালিকে ইউরোপের বুট বলা হয়।
- ইতালির ভেতরে স্যান ম্যারিনো ও ভ্যাটিকান সিটি থাকায় ইতালিকে ছিদ্রায়িত রাষ্ট্র বলা হয়।
- সার্ডিনিয়া ও সিসিলি ইতালির বিখ্যাত দুটি দ্বীপ।

## ইতালির বিখ্যাত ব্যক্তিত্ব



ফ্লোরেন্স নাইটিঙ্গেল

- আধুনিক নার্সিংয়ের প্রতিষ্ঠাতা।
- জন্মগ্রহণ করেন- ১২ মে, ১৮২০; ইতালির ফ্লোরেন্সে।
- 'ইন্টারন্যাশনাল নার্সেস ডে' পালিত হয়- ১২ মে।
- স্মরণীয় হয়ে আছেন 'ক্রিমিয়ার যুদ্ধে' সেবামূলক কাজের জন্য।
- **The Lady with the Lamp** বলা হয়।
- ১৮৮৩ সালে রাণী ভিক্টোরিয়া 'রয়েল রেডক্রস' পদক প্রদান করেন।



বেনিটো মুসোলিনি

- ফ্যাসিজমের প্রবর্তক।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালির প্রধানমন্ত্রী ছিলেন।
- রাজনৈতিক দলের নাম- National Fascist Party.
- বিশ্বাস করতেন- "এককালীন শান্তি সম্ভব নয়, সঙ্গতও নয়"।
- ১৯৪৫ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের অপরাধে মৃত্যুদণ্ডপ্রদান করা হয়।

**নোট-** মুসোলিনি বন্দি করেন নব্য মার্ক্সবাদী অ্যান্তেনিও গ্রামসিকে। যার বিখ্যাত গ্রন্থ- Prison Notebooks.

### বিগত বছরের প্রশ্ন

০১. 'The lady with the Lamp' নামে পরিচিত- (43 BCS)
ক) হেলেন কেলার　খ) ফ্লোরেন্স নাইটিঙ্গেল
গ) মাদার তেরেসা　ঘ) সরোজিনী নাইডু

০২. ভ্যাটিক্যান কোন শহরের পাশে অবস্থিত? (DU ঘ' ৯৬-৯৭)
ক) রিওডি জেনিরিও　খ) রোম　গ) এথেন্স　ঘ) বৈরুত

০৩. Renaissance কথাটির অর্থ কী? (মহা হিসাবরক্ষক এর অধীনে 'অধীক্ষক'-৯৮)
ক) মৃত্যু　খ) বার্ধক্য　গ) পৌঢ়ত্ব　ঘ) নবজীবন

০৪. ইউরোপে রেনেসাঁ শুরু হয়- (দুদক-০৪)
ক) পঞ্চদশ শতাব্দীতে　খ) ষোড়শ শতাব্দীতে
গ) চতুর্দশ শতাব্দীতে　ঘ) সপ্তদশ শতাব্দীতে

০৫. বেনিতো মুসোলিনী কোন দেশের নেতা ছিলেন? (মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৪)
ক) ফ্রান্স　খ) ব্রিটেন　গ) ইতালি　ঘ) পর্তুগাল

০৬. ফ্যাসিজম এর প্রবর্তক কে ছিলেন? (রাবি-রাষ্ট্রবিজ্ঞান, ০৫-০৬, ভূগোল ও পরিবেশ বিদ্যা, ০৫-০৬)
ক) হিটলার　খ) জেনারেল ফ্রাঙ্ক　গ) স্টালিন　ঘ) মুসোলিনী

**উত্তরমালা**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. খ | ২. খ | ৩. ঘ | ৪. গ | ৫. গ | ৬. ঘ |

# স্পেন

ইউরোপের মূল ভূ-খণ্ডের পশ্চিম সীমান্তে স্পেনের অবস্থান। ১৪৯২ সালে কলম্বাস আমেরিকা আবিষ্কারের পর স্পেন বিশাল উপনিবেশিক সাম্রাজ্য গড়ে তোলেন। ১৯৩৯ সালে স্পেন জেনারেল ফ্রান্সিস ফ্রাঙ্কোর নিয়ন্ত্রণে আসে। তবে তিনি ১৯৭৫ সালে মারা যাওয়ার পর পুনরায় সাংবিধানিক রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়। প্রশাসনিক ও সাংবিধানিক দিক থেকে স্পেন নিয়মতান্ত্রিক রাজতন্ত্র, প্রকৃত বিচারে বহুদলীয় গণতন্ত্র। মাদ্রিদ স্পেনের রাজধানী এবং বার্সেলোনা স্পেনের গুরুত্বপূর্ণ শহর।

- **স্পেনের গৃহযুদ্ধের সময়কাল-** ১৯৩৬-১৯৩৯ সাল পর্যন্ত।
- **স্পেনে বর্তমান রাজতন্ত্র চালু হয়-** ১৯৭৫ সালে।
- **মুসলিম স্থাপত্যের নিদর্শন 'আল হামরা প্রাসাদ' অবস্থিত-** গ্রানাডা, স্পেন।
- **Light House of the Europe বলা হয়-** স্পেনের 'কর্ডোবা' শহরকে।



জেনারেল ফ্রান্সিসকো ফ্রাঙ্কো

- স্পেনের গৃহযুদ্ধের সময় জাতীয়তাবাদী নেতা ছিলেন।
- আমৃত্যু (১৯৩৯-১৯৭৫) স্পেন শাসন করেন।
- ১৯৭৫ সালে মৃত্যুবরণ করেন।

## কাতালোনিয়া

কাতালোনিয়া স্পেনের একটি স্বশাসিত অঞ্চল। এর রাজধানী বার্সেলোনা। বর্তমানে অঞ্চলটি স্পেনের কাছ থেকে স্বাধীনতা দাবি করছে। ১ অক্টোবর, ২০১৭ স্বাধীনতার প্রশ্নে সেখানে একটি বিতর্কিত গণভোট অনুষ্ঠিত হয়। গণভোটের রায় স্বাধীতার পক্ষে আসলে ২৭ অক্টোবর, ২০১৭ ক্যাটালন পার্লামেন্ট একতরফাভাবে স্বাধীনতা ঘোষণা করে। কিন্তু এই ঘোষণা আন্তর্জাতিভাবে স্বীকৃত নয়।

## বিগত বছরের প্রশ্ন

১. **স্পেনের কোন অঞ্চল স্বাধীনতার জন্য বর্তমানে আন্দোলন করছে?** (DU ঘ' ১৭-১৮)
ক) তারাগোনা খ) সেভিয়া গ) কাতালোনিয়া ঘ) জিরোনা

২. **ক্যাটালন কোন দেশের ভাষা?** [24 BCS]
ক) স্পেন খ) বেলজিয়াম গ) নাইজেরিয়া ঘ) মঙ্গোলিয়া

৩. **কাতালোনিয়া কোন দেশ হতে স্বাধীন হতে চায়?** (চবি 'I' ১৫-১৬)
ক) যুক্তরাষ্ট্র খ) যুক্তরাজ্য গ) স্পেন ঘ) বেলজিয়াম

৪. **মধ্যযুগে মুসলিম শাসিত কোন শহরকে *'Light House of the Europe'* বলে?** (জবি খ' ১৫-১৬)
ক) বাগদাদ খ) কায়রো গ) কায়রোয়ান ঘ) কর্ডোভা

**উত্তরমালা**

| | | | |
|---|---|---|---|
| ১. গ | ২. ক | ৩. গ | ৪. ঘ |

# ভ্যাটিক্যান সিটি

ইতালির রাজধানী রোম শহরের খন্ডিত অংশ নিয়ে ভ্যাটিক্যান সিটি। ইতালির সাথে ভ্যাটিক্যান সিটির সীমান্ত দৈর্ঘ্য ৩.২ কিলোমিটার। বিশ্বের ক্ষুদ্রতম রাষ্ট্র। ইতালির সাথে ভ্যাটিক্যানের পোপের দ্বন্দ্বের কারণে দেশটির আয়তন অনেক কমে যায়। ১৯২৯ সালে ইতালির একনায়ক মুসোলিনীর উদ্যোগে লাটেরান চুক্তির মাধ্যমে পোপের সঙ্গে ইতালির বিরোধ নিষ্পত্তি হয়।

## জানতে হবে

- স্বাধীনতা লাভ করে- ১৯২৯ সালে; ইতালির নিকট থেকে।
- স্বাধীনতা লাভ করে- Lateran Pacts চুক্তির মাধ্যমে।
- পৃথিবীর সবচেয়ে ক্ষুদ্রতম রাষ্ট্র- ভ্যাটিকান।
- ভ্যাটিকান রাষ্ট্রটি অবস্থিত- ইতালির রাজধানী রোমে।
- সাংবিধানিক নাম- দ্য হলি সিটি।
- আয়তন- ০.৪৪ বর্গ কি.মি.।
- নিরাপত্তারক্ষী বাহিনীর নাম- সুইস গার্ড।
- সরকার ব্যবস্থা- পোপ শাসিত।
- ভ্যাটিকানের রাষ্ট্র ও সরকারপ্রধান- পোপ।
- বর্তমানে ভ্যাটিকানের পোপের নাম- ফ্রান্সিস (আর্জেন্টিনা)।
- ভ্যাটিকান প্যালেস- পোপের আবাসগৃহ।
- ইউনেস্কো ভ্যাটিকানকে বিশ্ব ঐতিহ্য স্থান হিসেবে ঘোষণা করে- ১৯৮৪ সালে।
- বিশ্বের সংক্ষিপ্ত সীমান্ত যে দুটি দেশের মধ্যে অবস্থিত- ভ্যাটিকান সিটি ও ইতালি।
- ভ্যাটিকান সিটির সাথে সীমান্ত রয়েছে- ১টি দেশের (ইতালি)।



পোপ ফ্রান্সিস বাংলাদেশ সফরে আসেন ২০১৭ সালে

## বিগত বছরের প্রশ্ন

১. বর্তমান পোপ ফ্রান্সিস কোন দেশের নাগরিক? (DU খ' ১৩-১৪)

ক) ব্রাজিল খ) বলিভিয়া গ) আর্জেন্টিনা ঘ) পেরু

২. ভ্যাটিক্যান কী? (কারা তত্ত্বাবধায়ক-১০)

ক) উত্তর আমেরিকার পর্বতমালা খ) যুক্তরাষ্ট্রের পপ সঙ্গীত গোষ্ঠী

গ) ক্যাথলিক ধর্মীয় রাষ্ট্রব্যবস্থা ঘ) বস্তুবাদী নাস্তিক ইউরোপীয় সংগঠন

উত্তরমালা


| | |
|---|---|
| ১. গ | ২. গ |

## নর্ডিক অঞ্চলের ৫ দেশ

নর্ডিক দেশ ৫টি (ফিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, ডেনমার্ক এবং সুইডেন)। কিন্তু স্ক্যান্ডিনেভিয়ান দেশ মূলত ৩টি (নরওয়ে, ডেনমার্ক এবং সুইডেন)। তবে কখনো কখনো ফিনল্যান্ড ও আইসল্যান্ডকে স্ক্যান্ডিনেভিয়ান অঞ্চলের অংশ হিসেবে ধরা হয়।

*তথ্যসূত্র: Nordic Co-operation, Britannica, Oxford Dictionary*

**Technique:** FINDS (ফিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, ডেনমার্ক এবং সুইডেন)।




ইউরোপের উত্তরে নর্ডিক ৫ দেশ

### আইসল্যান্ড

- আইসল্যান্ড এর উপনাম- আগুনের দ্বীপ।

### সুইডেন

- পৃথিবীর প্রথম কল্যাণ রাষ্ট্র- সুইডেন।
- সুইডেনের পূর্বের রাজধানীর নাম- সিগুনটা।
- 'স্টকহোম' এর উপনাম- উত্তরের ভেনিস।
- আয়তনের দিক দিয়ে বৃহত্তম নর্ডিক দেশ- সুইডেন।

### ডেনমার্ক

- সর্বপ্রথম জাতীয় পতাকার প্রচলন শুরু হয়- ডেনমার্কে।
- বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ড এবং ফারো দ্বীপপুঞ্জ যে দেশের- ডেনমার্ক।
- গ্রিনল্যান্ডে বসবাসকারী প্রধান জাতির নাম- এস্কিমো।
- ডেনমার্কের রাজধানী 'কোপেনহেগেন' অবস্থিত- জিল্যান্ড দ্বীপে।

### ফিনল্যান্ড

- ইউরোপে নারীরা প্রথম ভোটাধিকার পায়- ফিনল্যান্ডে (১৯০৬)।

### নরওয়ে

- 'নরওয়ে' শব্দের অর্থ- উত্তরের পথ।
- 'অসলো' এর পূর্বনাম- খ্রিস্টিনা।
- পৃথিবীর উত্তরের নগরী 'হেমারফাস্ট' অবস্থিত- নরওয়েতে ।

## সাবেক যুগোশ্লোভিয়া

১৯১৮ সালে যুগোশ্লোভিয়া গঠিত হয়। তবে যুগোশ্লোভিয়া নাম হয় ১৯২৯ সালে। ১৯৯১ সালে স্লোভেনিয়া ও ক্রোয়েশিয়া বিচ্ছিন্ন হয়ে স্বতন্ত্র রাষ্ট্র হয়। ১৯৯২ সালে বসনিয়া-হার্জেগোভিনা ও উত্তর মেসিডোনিয়া স্বাধীন হয়ে যায়। ফলে অবশিষ্ট থাকে সার্বিয়া ও মন্টিনিগ্রো প্রজাতন্ত্র। সার্বিয়া-মন্টিনিগ্রো আলাদা হওয়ার পর সার্বিয়া থেকে আবার আলাদা হয় কসোভো।

### সাবেক যুগোশ্লোভিয়ার দেশ ৭ টি




৭ টি দেশ নিয়ে একসাথে ছিল যুগোশ্লাভিয়া

### মনে রাখার উপায়

মন্টি কখনোই মেসিকে ভালবাসবে না, কারণ মেসি সর্বদাই স্লো

| মন্টি | কখনোই | মেসিকে | ভালবাসবে | কারণ | সর্বদাই | স্লো |
|---|---|---|---|---|---|---|
| মন্টিনিগ্রো | কসোভো | মেসিডোনিয়া | বসনিয়া হা.গো. | ক্রোয়েশিয়া | সার্বিয়া | স্লোভেনিয়া |

# ইউরোপের অন্যান্য গুরুত্বপূর্ণ দেশ

## অস্ট্রিয়া

- ইউরোপের প্রবেশদ্বার বলা হয়- অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনাকে।
- এডলফ হিটলার জন্মগ্রহণ করেন- অস্ট্রিয়ায়।
- *Classical Music* এর মাতৃভূমি বলা হয়- অস্ট্রিয়াকে।
- জার্মানি ছাড়া বিশ্বের যে দেশের প্রায় সকল নাগরিক জার্মান ভাষায় কথা বলে- অস্ট্রিয়া।
- প্রথম পোস্টকার্ড চালু হয়- অস্ট্রিয়ায়।

## স্যান ম্যারিনো

- কোন নদী নেই।
- ইতালির মূল ভূ- খণ্ডের ভিতরে অবস্থিত।
- ভ্যাটিক্যান হচ্ছে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ এবং স্যান ম্যারিনো হচ্ছে- প্রাচীনতম প্রজাতন্ত্র

## বেলজিয়াম

- ওয়াটার-লু'র যুদ্ধক্ষেত্র অবস্থিত- বেলজিয়ামে।
- ইউরোপের 'ককপিট' বা 'রণক্ষেত্র' হিসেবে ব্যবহৃত হয়েছে- বেলজিয়াম।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে 'বাফার স্টেট' ছিল যে দেশ- বেলজিয়াম।
- বেলজিয়ামকে নামকরণ করা হয়- বেলগায় জাতিগোষ্ঠীর নামানুসারে।

## পর্তুগাল

- দক্ষিণ ইউরোপের আয়তাকার দেশ- পর্তুগাল।
- ইউরোপের প্রধান সমুদ্রাভিযান কেন্দ্র- পর্তুগাল।
- ইউরোপের সাংস্কৃতিক নগরী- পর্তুগালের পোর্তো।
- 'মহাসমুদ্র অভিযাত্রীকদের দেশ' বলা হয়- পর্তুগালকে।
- ভাস্কো দা গামা ছিলেন- পর্তুগালের নাগরিক।

## মোনাকো

- বিশ্বে জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে বেশি- মোনাকোতে।
- আয়তনে জাতিসংঘের ক্ষুদ্রতম দেশ- মোনাকো।
- ইউরোপের যে দেশে কোন আয়কর দিতে হয় না- মোনাকোতে।

## কসোভো

- কসোভো সার্বিয়া থেকে স্বাধীনতা লাভ করে- ২০০৮ সালে।
- কসোভোর রাজধানীর নাম- প্রিস্টিনা।
- কসোভোর প্রথম (বর্তমান) প্রেসিডেন্ট- ফাতমির সেজদিউ।
- ইউরোপের তৃতীয় স্বাধীন মুসলিম দেশ- কসোভো।